**OPT (Onboard Performance Tool):**It assists pilot in making performance calculations and analysis. (এটি পাইলট কে উড়োজাহাজের পারফরমেন্স ক্যালকুলেশন ও এনালাইসিস করতে সাহায্য করে)।

**Original Equipment Manufacturer (OEM,** মূল যন্ত্রাংশ নির্মাতা): OEM is a company that produces parts and equipment which may be marketed by another manufacturing organization i.e. 2nd Organization which always maintains a good tie with the OEM. The OEM changes its product design specification as per the demand & requirement of 2nd Organization. (মূল যন্ত্রাংশ নির্মাতা বলতে এমন একটি ব্যবসা প্রতিষ্ঠানকে বোঝায় যাদের উৎপাদিত পণ্য অন্য একটি ব্যবসা প্রতিষ্ঠানের পণ্যের যন্ত্রাংশ বা যন্ত্র-উপাদান হিসেবে ব্যবহৃত হয়। মূল যন্ত্রাংশ নির্মাতা, দ্বিতীয় ব্যবসা প্রতিষ্ঠানটির চাহিদা ও প্রয়োজনমাফিক বৈশিষ্ট্যাবলি অনুযায়ী তাদের যন্ত্রাংশের নকশায় পরিবর্তন সাধন করে থাকে)।

**Overhead Bin:** A compartment located above the seats which is to store the luggage of the passengers.(উড়োজাহাজের সীটের উপরে হাত ব্যাগ ও সঙ্গে আনা মালপত্র রাখার স্থান)।

**Overflying Permission(ওভারফ্লাইং পারমিশন):**ওভারফ্লাইং পারমিশন হচ্ছে কোন দেশের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক কোন বিমানসংস্থাকে প্রদত্ত অনুমোদন (Authorization) যার বলে বিমানসংস্থার বিমান সংশ্লিষ্ট দেশের আকাশসীমা অতিক্রম করতে পারে।

**OW (ও ডব্লিউ):** Excise Duty.It is a form of tax imposed on airlines traveler. An indirect tax paid to the Government.(আর্ন্তজাতিক ও অভ্যন্তরীন ভ্রমণের ক্ষেত্রে প্রত্যেক যাত্রীর শ্রেণী ভেদে আবগরি শুল্ক সংগ্রহ করা হয়। এটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দেশিত হারে (গন্তব্য অনুযায়ী) নির্ধারণ করা হয়)।

# P

**P7:** Airport Development Fee. All outbound passengers using the country's airport will have to pay "Airport Development Fee". This Tax impose for improve passenger safety, and the airports' service quality and infrastructure.(এটি সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ কর্তৃক ইস্যুকৃত একটি ফি। এই ফি টিকেট ইস্যুকারী এয়ারলাইন্স ভ্রমণকারীর কাছ থেকে আদায় করে পরবর্তীতে সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ কে পুনঃভরণ করে থাকে)।

**P8:** Passenger Security Tax. All outbound passengers using the country's airports will have to pay "Passenger Security Tax". This Tax impose for improve passenger safety, and the airports' service quality and infrastructure. (এটি সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ কর্তৃক ইস্যুকৃত একটি ফি। এই ফি টিকেট ইস্যুকারী এয়ারলাইন্স ভ্রমণকারীর কাছ থেকে আদায় করে পরবর্তীতে সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ কে পুনঃভরণ করে থাকে।)

**Passenger Name Record (PNR, পিএনআর):**A Passenger Name Record (PNR) is a record in the database of a computer reservation system (CRS) that contains the itinerary for a passenger, or a group of passengers travelling together. (প্যাসেঞ্জার টিকেট ইস্যু করার অংশ/ধাপ হিসেবে প্যাসেঞ্জার নেম রেকর্ড-এর মাধ্যমে একজন যাত্রী বা একদল যাত্রীর যাবতীয় তথ্য এয়ারলাইন্সের রিজারভেশন-এ লিপিবদ্ধ করা হয়)।

**PAX (পিএএক্স):**A traveler on a public or private conveyance other than the driver, pilot, or crew. (Against whom PNR issued where coupon route fare and other details included).

(পিএএক্স দ্বারা বিমানে ভ্রমণকৃত যাত্রীকে বোঝানো হয়)।

**Pax Steps (Passenger Steps):** Passenger boarding steps/stairs provide a mobile means to traverse between the aircraft doors and the ground. It is used for embarkation or disembarkation of passenger to/from aircraft and ground.(প্যাসেঞ্জার স্টেপস একটি মোবাইল সিড়ি, যা দিয়ে প্যাসেঞ্জারকে গ্রাউন্ড হতে এয়ারক্রাফটে ওঠা-নামা করানো হয়)।

**PBH (Power-by-Hour):** PBH is a maintenance program under a valid agreement. A pre-determined hourly payment for the PBH-covered part is made for each Flight Hour (FH) that Part has flown. (পাওয়ার বাই আওয়ার (পিবিএইচ) বৈধ চুক্তির অধীনে একটি রক্ষণাবেক্ষণ প্রোগ্রাম। পিবিএইচ-এর আওতাধীন যন্ত্রাংশের প্রাক নির্ধারিত ঘন্টা প্রতি অর্থ প্রদানের জন্য যন্ত্রাংশটি কত ঘন্টা উড়েছে তা জানা প্রয়োজন)।

**PFI (Pre Flight Inspection):**The inspection carried out before each flight to ensure that the aircraft is fit for the intended flight. (উড়োজাহাজ ফ্লাইটের জন্য উপযুক্ত কিনা তা নিশ্চিত করার জন্য প্রতিটি ফ্লাইটের আগে যে পরিদর্শন করা হয়।)।

**PSA (Passenger Service Agents):**It handles administrative procedures for passengers before and after a flight, such as reserving tickets, releasing boarding passes, and accepting luggage.(যাত্রী পরিষেবা প্রদানকারী এজেন্টরা বিমানে যাত্রার আগে এবং পরে যাত্রীদের জন্য বিভিন্ন প্রশাসনিক পদ্ধতি পরিচালনা করে যেমন টিকিট সংরক্ষণ করা, বোর্ডিং পাস দেওয়া এবং লাগেজ গ্রহণ করা)।

**Push Tug:**The equipment is commonly known as Push Cart. It is used to push or tow the aircraft, while the aircraft is on ground. (পুশ টাগ সাধারণত পুশকার্ট নামে পরিচিত। ইহা ground-এ এয়ার ক্রাফটকে পুশ অথবা টোয়িং করার কাজে ব্যবহৃত হয়)।

# Q

**Quality Assurance Program (QAP):**Under the QAP, audits and inspections are carried out in all operational areas to verify that the airline complies with applicable regulations (as imposed by the Civil Aviation Authority) and other applicable international standards. If any finding is found in the audit or inspection, the root cause is identified and necessary steps are taken to remove the root cause. This way finding is closed. (কোয়ালিটি অ্যাসিউরেন্স প্রোগ্রাম এর আওতায়, সমস্ত অপারেশনাল এরিয়াতে অডিট এবং ইন্সপেকশন এর মাধ্যমে প্রযোজ্য অপারেশনাল নিয়মাবলী (যাহা সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ দ্বারা আরোপিত) এবং প্রযোজ্য অন্যান্য আর্ন্তজাতিক স্ট্যান্ডার্ডগুলো এয়ারলাইনস্ মেনে চলছে কিনা তা যাচাই করা হয়। অডিট বা ইন্সপেকশন এ কোন অডিট আপত্তি পাওয়া গেলে এর মূল কারণ খুঁজে বের করা হয় এবং মূল কারণ দূর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণ করা হয়। এভাবে আপত্তি নিস্পন্ন করা হয়)।

**Quick Access Recorder (QAR):** It is a flight data recorder designed to provide quick and easy access of recorded flight data. It records same data as of FDR. QAR data is used for FDM purpose.(এটি একটি ফ্লাইট ডাটা রেকর্ডার যা থেকে রেকর্ডকৃত ফ্লাইট ডাটা দ্রুত এবং সহজে পাওয়া যায়। এটি FDR এর মত একই ডাটা রেকর্ড করে। QARথেকে প্রাপ্ত ডাটা FDMএর কাজে ব্যবহৃত হয়)।

## R

**Ramp Control (র্যাম্প কন্ট্রোল):**উড়োজাহাজে বহনকৃত কার্গো এবং ব্যাগেজ উড়োজাহাজে উঠানো ও নামানোর কার্যক্রম সম্পাদন করার নিয়ন্ত্রক কার্যালয়।

**Rate (হার):**Amount charged per kg in a shipment. (চালানের ক্ষেত্রে প্রতি কেজিতে চার্জ করা অর্থের পরিমাণ)।

**Refueling:** Supplying fuel in an aircraft.(উড়োজাহজে জ্বালানি তেল ভরা)।

**Remain Seated:** Must stay sitting down. (অবশ্যই সীটে বসে থাকতে হবে)।

**ROC (Read Out Count):**It means about the capacity of a flight & the number of passengers booking. (এটি দ্বারা ফ্লাইটের ধারণ ক্ষমতা এবং যাত্রীদের বুকিংয়ের সংখ্যা বুঝায়)।

**ROE (Rate of Exchange):**An exchange rate is the value of one nation's currency versus the currency of another nation or economic zone. (বিনিময় হার হলো এক দেশের মুদ্রার মানের সাথে অন্য দেশের বা অর্থনৈতিক অঞ্চলের মুদ্রার মানের পার্থক্য)।

**RPK/RPM (Revenue Passenger Kilometers or Revenue Passenger Miles):**RPK/RPM is a measure of sales volume of passenger trafficof an airline. It measures the passenger volume carried by the airline and is calculated by multiplying the number of revenue passengers by the distance traveled. (এটি এয়ারলাইন্সের মাধ্যমে বহনকৃত যাত্রীর পরিমাণকে পরিমাপ করে যা ভ্রমণ করা দূরত্ব ও রাজস্ব যাত্রী সংখ্যার গুণ ফল)।

**RSVN (Reservation):**It means reserving the seat of a flight. (এটি দ্বারা ফ্লাইটের আসন সংরক্ষণ করা বুঝায়)।

**RTK (Revenue Ton Kilometers):**The revenue load in tones multiplied by the distance flown. (রাজস্ব টন কিলোমিটার (আরটিকে) এয়ারলাইন্সের মাধ্যমে বহনকৃত টনে প্রকাশিত ওজনকে পরিমাপ করে যা ভ্রমণ করা দূরত্ব ও রাজস্ব টন-এর গুণফল)।

**Runway(রানওয়ে):** A strip of hard ground along which aircraft take off and land. (বিমান বন্দরের যেখানে উড়োজাহাজ উড্ডয়ন বা অবতরণ করে)।

## S

**SA (Safety Assurance):** It is a set of planned and systematic action to achieve and maintain acceptable level of safety in airline. (এটি একটি পরিকল্পিত এবং পদ্ধতিগত পদক্ষেপ যার মাধ্যমে বিমান সংস্হায় সেফটির গ্রহনযোগ্য স্তর অর্জন এবং বজায় রাখা হয়)।

**Safety Card**(নিরাপত্তা বিষয়ক কার্ড): An instruction to the passengers on an aircraft about the procedures for dealing with various emergency conditions that might arise during the flight. (যাত্রীদের জরুরী অবস্থা মোকাবেলার পদ্ধতি সম্পর্কে সুরক্ষা বিষয়ক ছবি সম্বলিত নির্দেশনা)।

**Safety Risk (সুরক্ষা ঝুঁকি):**The assessment result, expressed in terms of predicted probability and severity, of the consequences of a safety hazard taking as reference the worst foreseeable situation. (সুরক্ষা ঝুঁকি হলো কোন বিপত্তি হতে উদ্ভূত পরিণতির ঝুঁকির পরিমাপ, যা পরিনতি ঘটার সম্ভাবনা কত এবং ঘটলে তার সম্ভাব্য তীব্রতার পরিমান কত - এই দুইয়ের সমন্বয়ে নির্ণয় করা হয়)।

**Safety Risk Assessment (সুরক্ষা ঝুঁকি মূল্যায়ন)ঃ** সুরক্ষা ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়ায় প্রথমে কোন হ্যাজার্ডের পরিণতি ঘটার সম্ভাবনা নির্ধারণ করা হয় যা একটি সংখ্যা বা কোডের মাধ্যমে প্রকাশ করা হয়। এরপর পরিণতি ঘটলে তার সম্ভাব্য তীব্রতার পরিমান কত তাও একটি সংখ্যা বা কোডের মাধ্যমে প্রকাশ করা হয়। এইভাবে নির্ণীত সম্ভাবনা এবং তীব্রতার সংখ্যা/কোড সমন্বয় করে পরিণতিটির রিস্ক/ঝুঁকি নির্ধারণ করা হয়।

**Seat Number:**Seat assignment with a number and a letter in the aircraft. The number is for row and the letter indicates specific seat within the row. (উড়োজাহাজে বসবার সীট নম্বর)।

**Security (Aviation):**The safeguarding of civil aviation against acts of unlawful interference, achieved by a combination of measures and human and material resources. (বেআইনী হস্তক্ষেপের বিরুদ্ধে বেসামরিক বিমান চলাচলকে নিরাপদ রাখার জন্য মানব সম্পদও বৈষয়িক সম্পদের সমন্বয়ে সম্পাদিত নিরাপত্তা ব্যবস্হা)।

**Security Control:**A means by which the introduction of weapons, explosives or other dangerous/prohibited devices, articles or substances that could be utilized to commit an act of unlawful interference can be prevented.(এর মাধ্যমে বেআইনী হস্তক্ষেপের কার্যে ব্যবহৃত অস্ত্র, বিস্ফোরক বা অন্যান্য বিপজ্জনক নিষিদ্ধ ডিভাইস বা বস্তুকে প্রতিরোধ করা হয়)।

**Security Management System (SeMS):**The documented system of an operator and/or a provider that delivers ground handling services for an operator, which is based on threat assessment to ensure security operations:

- Consistently fulfill all requirements mandated in the applicable national civil aviation security program(s);
- Are conducted in the most efficient and cost-effective manner considering the operational environment.

(একটি লিপিবদ্ধ ব্যবস্হা যা কোন অপারেটর অথবা অপারেটরের গ্রাউন্ড হ্যান্ডিলিং পরিষেবা প্রদানকারীর জন্য নিরাপত্তা ঝুঁকি মূল্যায়ণের উপর ভিত্তি করে নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করে। যেখানে,

- বাধ্যতামূলকভাবে জাতীয় বেসামরিক বিমান চলাচলের নিরাপত্তা প্রোগাম এর সমস্ত প্রয়োজনীয়তা পূরণ করা হয়।
- অপারেশনাল পরিবেশ বিবেচনা করে সবচেয়ে দক্ষ ও সাশ্রয়ী পদ্ধতিতে অপারেশন পরিচালনা করা হয়।)

**Security Restricted Area:**Those airside areas of an airport that are identified as priority risk areas where, in addition to access control, other security controls are applied. (বিমানবন্দরের সেই অঞ্চল যা অধিক ঝুঁকিপূর্ন অঞ্চল হিসেবে চিহ্নিত এবং যেখানে প্রবেশাধীকার নিয়ন্ত্রন করা ছাড়াও অন্যান্য নিরাপত্তা ব্যবস্হা প্রয়োগ করা হয়)।

**Security Sterile Area:**The portion of an airport within the security restricted area that provides passengers access to aircraft boarding, and to which such access is generally controlled through the screening of persons and property.(সুরক্ষিত এবং বিধি-নিষেধযুক্ত বিমানবন্দরের এমন অংশ যা যাত্রীদের বোডিংয়ে প্রবেশাধীকার নিশ্চিত করে এবং যেখানে স্ক্রিনিং এর মাধ্যমে ব্যক্তি এবং সম্পদের প্রবেশাধিকার নিয়ন্ত্রন করা হয়)।

**Security Survey:** An evaluation of security needs including the identification of vulnerabilities that could be exploited to carry out an act of unlawful interference, and the recommendation of corrective actions.(বেআইনী হস্তক্ষেপ সম্পাদন হতে পারে এমন দুর্বলতাগুলো সনাক্তকরণ এবং সংশোধনমূলক পদক্ষেপের সুপারিশ করার জন্য প্রয়োজনীয় মানদণ্ড)।

**Security Test:** A covert or overt trial of an aviation security measure that simulates an attempt to commit an unlawful act.(একটি গোপন বা প্রকাশ্য পরীক্ষা যা বেআইনী কাজ করার প্রচেষ্টাকে অনুকরণ করে)।

**Security Threat:** A measure of the probability of an act of unlawful interference being committed against civil aviation.(বেসামরিক বিমান চলাচলের বিরুদ্ধে বেআইনী হস্তক্ষেপের সম্ভাবনা)।

**Self Check-in:** প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে যাত্রী নিজেই নিজের চেক-ইন (বোর্ডিং কার্ড / ব্যাগেজ ট্যাগসহ) কার্যক্রম সম্পন্ন করে বিমানবন্দরের অভ্যন্তরে প্রবেশ করে।

**Service Bulletin (SB):**SB is a Technical document which is released by the Manufacturers/Vendors of product like aircraft, engines, APU, landing gear, appliances or any other components.(সার্ভিস বুলেটিন একটি কারিগরী ডকুমেন্ট যা উড়োজাহাজ, ইঞ্জিন, এপিইউ, ল্যান্ডিং গিয়ার, সরঞ্জামাদি বা অন্য কোনও যন্ত্রাংশ প্রস্তুতকারী বা বিক্রেতারা প্রকাশ করেন। এটি উড়োজাহাজ, ইঞ্জিন, এপিইউ, ল্যান্ডিং গিয়ার, সরঞ্জামাদি বা অন্য কোনও যন্ত্রাংশের কারিগরী ও নিরাপত্তা মান উন্নয়নের জন্য প্রকাশিত হয়)।

**SFE (Sellers Furnished Equipment):**An SFE Items are those which are Selected by the Seller during manufacturing of an aircraft, under an agreement. (এসএফই আইটেমগুলি একটি বিমানের উৎপাদনকালে চুক্তির অধীনে বিক্রয়কারী দ্বারা নির্বাচিত সরঞ্জামাদি)।

**Shipment or Consignment (চালান):** One or more pieces of cargo moving under one air waybill. (একটি এয়ারওয়েবিলের অধীনে যে কার্গো পরিবহন করা হয়)।

**Shipper or Consignor (শিপার বা কনসাইনর):** A person who signs on the air waybill to enter into the contract with the carrier for carriage of cargo. (ক্যারিয়ারের সাথে কার্গো পরিবহনের জন্য যে ব্যক্তি এয়ারওয়ে বিলে স্বাক্ষর করে)।

**SPE (Sellers Purchased Equipment):**An SPE Items are those which are purchased by the Seller during manufacturing of an aircraft, under an agreement.(এসপিই আইটেমগুলি একটি চুক্তির আওতায় বিমানের উৎপাদনকালে বিক্রেতা কর্তৃক ক্রয়কৃত আইটেম)।

**SPI (Safety Performance Indicator):** Safety Performance Indicator (SPI) is like Safety KPI, which deals with safety parameters only. SPI measures the safety performance of an airline over time. It reflects an airline's progress in achieving its strategic and operational safety goals. (সেফটি কর্মক্ষমতা সূচক (SPI) সেফটি কেপিআইয়ের মতো, যা কেবল সেফটি পরামিতিগুলি (parameters) নিয়ে কাজ করে। একটি এয়ারলাইন্সের সেফটি কর্মক্ষমতা SPI দিয়ে পরিমাপ করা যায়। এটি এয়ারলাইন্সের কৌশলগত ও অপারেশনাল সেফটি লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রতিফলিত করে)।

**SSP (State Safety Program):** SSP is a set of safety regulations and activities, aimed at improving safety, imposed to the airlines by the concern Civil Aviation Authority. (SSP হলো সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত এভিয়েশন সেফটি বিধিসমূহ এবং এভিয়েশন সেফটি উন্নয়নের লক্ষ্যে কার্যক্রমসমূহ, যা সংশ্লিষ্ট বিমান সংস্হাগুলোকে মেনে চলতে হয়)।

**STC (Supplemental Type Certificate):** A supplemental type certificate isa TypeCertificate(TC), issued when an applicant has received FAA/EASA approval to modify an aeronautical product from its original design. ('সম্পূরক টাইপ সার্টিফিকেট' হলো এক ধরনের টাইপ সনদপত্র (টিসি)। যখন কোন আবেদনকারী তার মূল নকশা থেকে উড্ডয়নযোগ্য যন্ত্রাংশটি সংশোধন করার জন্য FAA/EASA কর্তৃক অনুমোদন পেয়ে থাকে, তখন এটি জারি করা হয়)।

**STOL (Short Take-off and Landing):**An aircraft requiring a short runway for safe Take-off and Landing is known as STOL Aircraft.(যে উড়োজাহাজ ছোট রানওয়ে থেকে নিরাপদে টেক-অফ এবং ল্যান্ডিং করতে পারে সেটি স্টল উড়োজাহাজ নামে পরিচিত)।

**Storage Charge (স্টোরেজ চার্জ)**: Charge for keeping the shipment in the warehouse.(চালান গুদামে রাখার জন্য চার্জ)।

**Summer Schedule (গ্রীস্মকালীন সিডিউল):**মার্চের শেষ রবিবার থেকে শুরু হয়ে অক্টোবরের শেষ শনিবার পর্যন্ত প্রকাশিত বিমান সংস্থার ফ্লাইট সময়সূচীকে গ্রীস্মকালীন সময় সূচী (Summer Schedule) নামে অভিহিত করা হয়।

# T

**Technical Assistance Agreement (TAA, কারিগরি সহায়তা চুক্তি)**: Biman Engineering & Material Management provides Technical and Engineering assistance, shop facilities, rental of Hangar space, expertise assistance, loaning of tools and equipment, etc. to other airlines under this agreement.(এ চুক্তির আওতায় বিমান সংস্থাগুলি কারিগরী সহায়তা এবং প্রকৌশল সহায়তা, শপের সুবিধাদি, হ্যাঙ্গার এলাকায় ভাড়া, দক্ষতা বৃদ্ধি ও সরঞ্জামাদি ইত্যাদি অন্যান্য এয়ারলাইন্সকে সরবরাহ করে)।

**TAP (Travel Agency Portal):**It is a program that provides professional travel agencies the ability to book directly with us. Agents enjoy full access to all of our content including branded fares and trip options. (ট্র্যাভেল এজেন্সি পোর্টাল এমন একটি প্রোগ্রাম যা পেশাদার ট্রাভেল এজেন্সিগুলিকে সরাসরি এয়ারলাইন্সের সাথে বুক করার সক্ষমতা প্রদান করে। এজেন্টরা বিভিন্ন ভাড়া এবং ভ্রমণের অপশনসহ অন্যান্য কাজগুলো করতে পারে)।

**Tariff (শুল্ক)**: The published rates, charges and related rules.(প্রকাশিত হার, চার্জ এবং এ সম্পর্কিত নিয়ম)।

**TC (Type Certificate):**A type certificate is issued to signify the airworthiness of the approved design or "type" of an aircraft to be manufactured. The TC reflects a determination, made by a Regulatory Authority that the type design is in compliance and conformance with the airworthiness requirements. (একটি উড়োজাহাজের অনুমোদিত ডিজাইন বা "টাইপ"-এর উৎপাদনের জন্য স্বীকৃতি জানাতে এক প্রকার সনদপত্র জারি করা হয়। টিসি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের দ্বারা প্রস্তুতকৃত একটি সনদপত্র যা নিশ্চিত করে যে টাইপ ডিজাইনটি উড্ডয়ন ক্ষমতার প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্যপূর্ণ)।

**TCAS (Traffic Alert and Collision Avoidance System):**TCAS is a safety System of components installed on any aircraft which monitors air-trafficking to prevent and to avoid any mid-air Collision with Version II, Change 7.1. (টিকাস হলো যে কোন উড়োজাহাজের মধ্যে ইনস্টল করা একটি সুরক্ষা ব্যবস্থা যা অন্যান্য উড্ডয়নরত উড়োজাহাজ পর্যবেক্ষনের মাধ্যমে মধ্য আকাশে সংঘর্ষ এড়াতে সহায়তা করে)।

**THC (Terminal Handling Charge):**This charge is an aggregation of costs associated with the terminal provider's property, and which applicable to overseas freight.(আন্তর্জাতিক যাত্রায় পণ্য পরিবহনের ক্ষেত্রে এয়ারপোর্টে পণ্য টার্মিনাল ব্যবহারের জন্য যে চার্জ আদায় কর হয়।

**The Air Cargo Tariff (TACT, টিএসিটি):** The Air Cargo Tariff access the rules and rates information in TACT in different formats. Integrating TACT tariffs directly into your transport management system via API or flat file eliminates the need to enter tariff information manually. Customers who choose this option are able to get through high volume periods quickly and with far fewer errors. (TACTএর মাধ্যমে নির্ধরিত হারে আরোপিত চার্জ পরিবহন ব্যবস্থাপনা সিস্টেম এ কার্গো পরিবহনের ক্ষেত্রে ব্যবহৃত হয়)।

**TOW (Take-off Weight):**It is the gross (total) weight of an aircraft at Take-Off. (টেক-অফের সময় উড়োজাহাজের মোট ওজন)।

**Transit Lounge (ট্রানজিট লাউঞ্জ):**যাত্রার শুরুর বিমানবন্দর থেকে সর্বশেষ গন্তব্যের বিমানবন্দরে পৌছার পূর্বে মধ্যবর্তী কোন বিমানবন্দর (জাহাজ পরিবর্তন বা প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা) ব্যবহৃত হলে ঐ বিমানবন্দরে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য অপেক্ষমান থাকা অবস্থায় অবস্থানের জন্য টার্মিনাল ভবনে অভ্যন্তরে নির্ধারিত স্থান।

**Transit Passenger (ট্রানজিট যাত্রী):** A passenger who is continuing his/her journey on the same flight after a routine landing. (যাত্রা শুরুর পর গন্তব্যে পৌঁছানোর আগে অন্য কোন স্থানে উড়োজাহাজ অবতরণ করলে, সেইস্থানে উক্ত যাত্রীকে ট্রানজিট যাত্রী বলে। অথবা কোন বিমান বন্দরে নেমে অন্য কোথাও যাবার জন্য বিমান বন্দরে যদি অপেক্ষমান থাকে তাকে ট্রানজিট যাত্রী বলে)।

**TSN (Time Since New):**TSN is the cumulative flying hours (FH) of the component (LLP) since it is manufactured. (টিএসএন হলো একটি কম্পোনেন্ট (এলএলপি) তৈরির সময় থেকে ক্রমবর্ধমান উড়ানোর সময়)।

**TSO (Time Since Overhaul):** It is the accumulated total time of any Hard-Time component since its last Overhaul.(এটি সর্বশেষ ওভারহল থেকে যে কোনও হার্ড-টাইম কম্পোনেন্ট এর মোট সঞ্চিত সময়)।

**TTL (Ticket Time Limit):** The date and time by which a ticket must be issued for a reservation to avoid cancellation of the booking and/or expiration of the fare quote.(টিকিটের সময়সীমা বলতে সেই তারিখ এবং সময় বুঝায় যার মধ্যে টিকিটের কার্যক্রম সম্পন্ন করতে হবে। অন্যথায় বুকিং বাতিল হবে)।

**Turbulence:** The air in which flight gets bumpy because of irregular movements of air masses. (খারাপ আবহাওয়া যার কারনে উড়োজাহাজ ঝাকুনি খায়)।

**TWLU (Terminal Wireless LAN Unit):** The aircraft Terminal Wireless LAN Unit (TWLU) provides the aircraft to airport e-Enabled GateLink connectivity. (TWLUইউনিট দিয়ে গেটলিংক সংযোগের মাধ্যমে এয়ারক্রাফট গ্রাউন্ডে অবস্থিত e-Enabling নেটওয়ার্কে সংযোগ স্থাপন করতে পারে)।

**Types of rates (হারের ধরণ):** Different types of rates of weight charges are Specific Commodity Rate (SCR), General Cargo Rate (GCR), Class Rate, ULD Rate, Special rate, Transborder Rate, and Domestic rate. (ওজনের চার্জের বিভিন্ন ধরণের হার হল নির্দিষ্ট পণ্যদ্রব্য হার (এসসিআর), জেনারেল কার্গো রেট (জিসিআর), শ্রেণি হার, ইউএলডি হার, বিশেষ হার, ট্রান্সবর্ডার রেট এবং দেশীয় হার)।

# U

**ULD (Unit Load Device):**ULD is a pallet or container used to load luggage, freight, and mail on wide-body aircraft. It allows a large quantity of cargo to be bundled into a single unit. (ইউনিট লোড ডিভাইস হচ্ছে প্যালেট অথবা কন্টেইনার, যা লাগেজ, কার্গো এবং মেইল দ্বারা পূর্ণ করা হয় এবং ওয়াইড বডি এয়ারক্রাফটে পরিবহন করা হয়)।

**Universal Precaution KIT (UP KIT,** বিশ্বজনীন প্রতিরোধমূলক সামগ্রী): Personnel safety against body fluids or other liquid spills.

- Contains protective accessories (mask, protective coat, gloves, coagulating powder, absorbent towel, toxic waste treatment, DASRI garbage bag, shovel and brush, disinfectants and hand sanitizer).
- Protects personnel from toxic waste.

(শারীর বৃত্তীয় তরল বা অন্যান্য তরল (বমি, মলমূত্র, রক্ত ইত্যাদি) ছড়িয়ে পড়ার বিরুদ্ধে ব্যক্তিগত সুরক্ষাকিট।

- এর ভিতরে থাকে প্রতিরোধী বস্তুসমূহ যেমন মাস্ক, গাউন, গ্লোভস, রক্ত জমাট বাঁধার পাউডার, শোষণকারী তোয়ালে, বিষাক্ত বর্জ্য ব্যবস্থাপনা, ডিএএসআরআই আবর্জনা ব্যাগ, বেলচা ও ব্রাস, জীবাণু নাশক এবং হ্যান্ড স্যানিটাইজার।
- বিষাক্ত বর্জ্য হতে ব্যক্তিগত সুরক্ষা)।

**UT (FATT):**Foreign Air Travel Tax (FATT/UT) is a form of tax imposed on airlines traveler. An indirect tax paid to the Government.(আর্ন্তজাতিক বহির্গমনের ক্ষেত্রে প্রত্যেক যাত্রীর শ্রেণিভেদে এয়ার ট্রাভেল ট্যাক্স সংগ্রহ করা হয়। এটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দেশিত হারে (গন্তব্য অনুযায়ী) নির্ধারণ করা হয়। এই খাতের আদায়কৃত কর জাতীয় রাজস্ব বোর্ড-এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে প্রদান করা হয়)।

# V

**Valuable Cargo (মূল্যবান কার্গো):** Any of the following items:

i) shipments having a declared value of USD 1,000.00 or more per gross kg
ii) certain precious metals
iii) certain precious stones
iv) certain security documents
v) jewellery made of ii) and/or iii) above
vi) articles made of ii) and/or iii) above

(নিম্নলিখিত আইটেমগুলির যে কোনটি ঃ

১. শিপমেন্টটির প্রতি কেজির মূল্য ১০০০.০০ ডলার বা তারও বেশি হিসাবে ঘোষিত মূল্য।
২. নির্দিষ্ট কিছু মূল্যবান ধাতু।
৩. নির্দিষ্ট কিছু মূল্যবান পাথর।
৪. নির্দিষ্ট কিছু সুরক্ষিত দলিলপত্র।
৫. গহনাসমূহ যা উপরের (২) অথবা (৩) দ্বারা তৈরি।
৬. পণ্যসামগ্রী যা উপরের (২) অথবা (৩) দ্বারা তৈরি।

**Valuation Charge (মূল্যায়ন চার্জ):** Charge calculated on the basis of declared value of the shipment.(চালানের ঘোষিত মূল্যের ভিত্তিতে যে চার্জ গণনা করা হয়)।

**Volumetric Weight (আয়তনিক ওজন):** Weight calculated on the basis of volume of the shipment. (কার্গোর আয়তনের ভিত্তিতে যে ওজন গণনা করা হয়)।

**VVIP Terminal (ভিভিআইপি টার্মিনাল):** রাষ্ট্রীয়ভাবে সর্বাধিক প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিগণ যাতায়াতের জন্য নির্ধারিত টার্মিনাল।

# W

**Wake Turbulence (ওয়েক টার্বুলেন্স):** Wake Turbulence means any significant air disturbance caused by a preceding aircraft. (পূর্ববর্তী বিমানের কারণে যে কোনও উল্লেখযোগ্য বায়ু বিশৃঙ্খলা)।

**WBM (Weight & Balance Manual):** The WBM is a part of the aircraft operating documentation. The WBM provides detailed and specific instructions to the operator of the aircraft on how it must be loaded in order to perform safe operation. (ওজন ও ভারসাম্য ম্যানুয়াল (ডাব্লিউবিএম) উড়োজাহাজের অপারেটিং ডকুমেন্টেশনের একটি অংশ। নিরাপদ অপারেশন করার জন্য ডাব্লিউবিএম উড়োজাহাজের অপারেটরগণকে এই মর্মে বিশদ এবং সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করে যে, কিভাবে উড়োজাহাজটিতে যাত্রী ও কার্গো বা মালামাল লোড করতে হবে)।

**WDM (Wiring Diagram Manual):**Wiring Diagrams Manual shows how the aircraftwires are connected and where they should be located in the electrical and other system, as well as the physical connections between all the components. (বৈদ্যুতিক তারের ডায়াগ্রাম ম্যানুয়াল দেখায় যে কীভাবে উড়োজাহাজের তারগুলি সংযুক্ত থাকে। সেগুলি বৈদ্যুতিক এবং অন্যান্য সিস্টেমে কোথায় অবস্থিত হওয়া প্রয়োজন এবং কিভাবে সমস্ত কম্পোনেন্টগুলির মধ্যে সংযোগ স্থাপন করা দরকার তা এই ম্যানুয়ালে দেখানো হয়)।

**Weight Charge (ওজন চার্জ):** Charge calculated on the basis of weight of the shipment. (চালানের ওজনের ভিত্তিতে যে চার্জ গণনা করা হয়)।

**Wet Runway:**A runway can be considered wet when more than 25 percent oftherunway surface area (within the reported length and the width being used) is covered by any visible dampness or water that is ⅛ inch (3 mm) or less in depth.(ওয়েট রানওয়ে বলতে এমন রান ওয়ে বোঝায় যার উপরিভাগে ২৫ শতাংশ জায়গা ভেজা থাকে অথবা পানি দৃশ্যমান হয়। উল্লেখ্য এই পানির পুরুত্ব ১/৮ " (৩ মি মি) এর সমান অথবা এর চেয়ে কম হয়)।

**Wide-Body Aircraft (সুপরিসর উড়োজাহাজ):** A wide-body aircraft is a large transport aircraft with internal cabin width sufficient for normal passenger seating to be divided into three axial groups by two aisles.(তুলনামূলক বৃহৎ আকারের উড়োজাহাজ, যেগুলোতে যাতায়াতের জন্য আসন সারি সমূহের মধ্যে একাধিক পথ (Aisle) থাকে। যেমনঃ বোয়িং-৭৭৭-৩০০, ৭৮৭-৮/৯ ও এয়ারবাস-৩৮০, ৩৩০, ৩৫০ ইত্যাদি)।

**Window Seat:** উড়োজাহাজের জানালার পাশের সীট।

**Winter Schedule (WIN SKD, শীতকালীন ফ্লাইট সময়সূচি):** অক্টোবরের শেষ রবিবার থেকে শুরু হয়ে মার্চের শেষ শনিবার পর্যন্ত বিমান সংস্থার প্রকাশিত ফ্লাইট সময়সূচীকে শীতকালীন সময়সূচী (Winter Schedule) হিসেবে গণ্য করা হয়ে থাকে।

# পর্যটন খাত ও হোটেল ব্যবস্থাপনা



# A

**A La Carte Menu** (মেন্যু আ লা কার্খট) (কার্ড বা খাদ্য তালিকা) : রেস্তোরাঁয় সরবরাহ করা হয় এমন খাদ্যের পৃথকভাবে মূল্যসহ তালিকা।

**A la king** (আ লা কিং) (ক্রাউন আকৃতি) : সাদা সসে চিকেন, মাশরুম ও পিমান্ত (পাকা লাল বেল পেপার / লাল ক্যাপসিক্যাম) যোগে ক্রাউন আকৃতি রূপে খাবার পরিবেশন করা

**Accessible Tourism (অভিগম্য পর্যটন) :** পর্যটন আকর্ষণীয় স্থান, পর্যটন পণ্য ও সেবা সকলের উপভোগের উপযোগী করে তোলার জন্য সুবিধাদি তৈরি করা।

**Accommodation and taxi order (আবাসন এবং পরিবহন সুবিধা) :** অতিথিদের আবাসন ও পরিবহন সুবিধা দিয়ে যে বুকিং রাখা হয়।

**Accompaniments (সহযোগী খাবার):** মূল খাবারের সাথে মিল রেখে একই সাথে পরিবেশিত অন্যান্য খাবার।

**Active Tourism (সক্রিয় পর্যটন) :** অ্যাডভেঞ্চার, প্রকৃতি এবং সাংস্কৃতিক পর্যটনের সমন্বিত দর্শন যা টেকসই পর্যটনকে উৎসাহিত করে থাকে।

**Adjacent room (সংলগড়ব কক্ষ) :** একই পার্শ্বে বা বিপরীত পার্শ্বে অবস্থিত সংলগ্ন কক্ষ।

**Adjoining room (পাশাপাশি সংযোজিত কক্ষ) :** পাশাপাশি অবস্থিত দুইটি কক্ষ। কক্ষে প্রবেশের জন্য দুইটি আলাদা দরজা থাকে এবং দুইটি কক্ষের মধ্যে শুধু একটি দেয়াল বিদ্যমান থাকে।

**ADR (Average Daily Rate)** (গড় দৈনিক হার) : গড় দৈনিক হার হলো একটি পরিসংখ্যান ইউনিট যা প্রায়শই লজিং শিল্পে ব্যবহৃত হয়। দৈনিক রুম ভাড়ার গড় আয় বের করার পদ্ধতিকে **ADR** বলা হয়। **ADR** হোটেল শিল্পে ব্যবহৃত বহুল প্রচলিত একটি সূচক যার দ্বারা একটি হোটেল তার প্রতিযোগীদের তুলনায় কতটা ভাল করছে তা পরিমাপ করতে পারে।

**Adventure Tourism (দুঃসাহসিক/ঝুঁকিপূর্ণ পর্যটন) :** দুঃসাহসিক/ঝুঁকিপূর্ণ পর্যটন হলো একধরণের কুলুঙ্গি পর্যটন, যার মধ্যে অনুসন্ধান বা একটি নির্দিষ্ট ড্রিগ্রি ঝুঁকির সাথে ভ্রমণ (বাস্তব বা অনুভূত) জড়িত এবং যার জন্য বিশেষ দক্ষতা এবং শারীরিক পরিশ্রমের প্রয়োজন হতে পারে। রক ক্লাইম্বিং বা পর্বতারোহণ, স্কাই ডাইভিং, হাইকিং, ঘোড়ায় চড়া, সার্ফিং, রাফটিং বা স্কিইংয়ের মতো দু:সাহসিক কাজ সমন্বয়ে পরিচালিত পর্যটন।

**Aerate (গ্যাস বা বাতাসের সাহায্যে ফুলানো) :** ঈস্ট দিয়ে খামির তৈরির সময়ে কার্বন ডাই-অক্সাইড সঙ্জবদ্ধ করে রাখার প্রক্রিয়া।

**Affiliated Hotel (চেইন হোটেল):** যে হোটেল কোন চেইন বা গ্রুপের নিয়ন্ত্রণে থাকে।

**AGOP (Adjusted Gross Operating Profit)** )(মন্বিত মোট পরিচালনলাভ বা মুনাফা) : সমন্বিত মোট পরিচালন লাভ বা মুনাফা হোটেলের মোট পরিচালন মুনাফা থেকে পরিচালন ফি এবং অন্যান্য ব্যয় বিযোগ করে গণনা করা হয়।

**AGR (Agreed) (রাজি হওয়া):** হোটেল ও অতিথির মধ্যে চুক্তির ভিত্তিতে হোটেলের পক্ষ থেকে রাজি হওয়া সর্বমোট অতিথি কক্ষের সংখ্যা।

**Airport hotel (বিমান বন্দর হোটেল) :** বিমান বন্দরের নিকটে অবস্থিত একটি হোটেল।

**Airport Officer (বিমানবন্দর কর্মকর্তা):** বিমানবন্দর কর্মকর্তা হোটেলের ভিআইপি অতিথিসহ সকল অতিথিদের বিমানবন্দর হতে হোটেলে আগমন এবং হোটেল হতে বিমানবন্দর পৌঁছানো পর্যন্ত সকল প্রকার সহযোগিতা প্রদান করে থাকে।

**Airport shuttle (বিমানবন্দর শাটাল):** অতিথিকে বিমানবন্দর থেকে হোটেল ও হোটেল থেকে বিমানবন্দর যেতে নির্দিষ্ট

মূল্যে  যাতায়াতের সুবিধা প্রদানকৃত শাটল বা মাইক্রোবাস।

**Ajar (অ্যাজার) (অর্ধখোলা দরজা)** : বিকালে অতিথির কক্ষ পরিষ্কার করার পর বাথরুমের দরজা আংশিক খুলে রাখা।

**ALOS (Average Length of Stay) (অতিথিদের হোটেল থাকার গড় হার)** : নির্দিষ্ট সময়কালে অতিথিদের হোটেলে থাকার গড় পরিমাণ।

**Alumni Tour (পুনর্মিলন সফর)** : পর্যটকগণ যারা এর আগে ট্যুর অপারেটরের সাথে ভ্রমণ করেছিলেন তাদের জন্য তৈরি একটি ভ্রমণ। একে পুনর্মিলন সফরও বলা হয়।

**Amenities(ব্যবহার্য সামগ্রীসমূহ ও সুবিদাধীসমূহ)** : হোটেল, মোটেল, বা থাকার জায়গাগুলিতে কোনও রুম ভাড়া নেওয়ার সময় দৈনন্দিন জীবনে ব্যবহার্য যে উপকরণ বা সামগ্রীসমূহ ও সুবিদাধীসমূহ সরবরাহ করা হয়, তাদেরকে Amenities বা   ব্যবহার্য সামগ্রীসমূহ ও সুবিদাধীসমূহ বলা হয়।

**American plan (অ্যামেরিকান প্লান)** : প্রতিদিনের জন্য ধার্যকৃত ভাড়া যাতে থাকা ও প্রতিবেলার খাওয়া অন্তর্ভুক্ত থাকে।

**Anchovies (সামুদ্রিক ছোট মাছ)**: এক ধরনের বিশেষ সামুদ্রিক ছোট মাছ যা পিক্যাল/আচার বা অন্য ভাবে সংরক্ষণ করে খাবারে ব্যবহার করা হয়।

**Aperitif (ক্ষুধা বর্ধক পানীয়)**: উনড়বত রেস্তোরাঁয় ক্ষুধাবর্ধণে এপিটাইজারের পরিবর্তে মূল খাবারের পূর্বে ব্যবহৃত ক্ষুধা বর্ধনকারী পানীয়।

**Appetiser (উদ্দিপনা বৃদ্ধিকরণ খাবার)**: ডিনার/লাঞ্চের শুরুতে ক্ষুধাবধর্ক হিসাবে পরিবেশনের জন্য স্বল্প পরিমাণের খাবার।

**ARI (Average Rate Index)(গড় হার সূচক)**: গড় হার সূচক হল হোটেলের গড় হার কীভাবে আপনার প্রতিযোগীদের সাথে তুলনা করা যায় তার একটি পরিমাপ। তুলনাটি একই রকম ব্যবসায়ীক প্রতিযোগীদের ব্যবসায়ের সাথে করা হয়। অর্থাৎ একটি অনুরূপ ব্রান্ড বা একই আকারের হোটেলের সাথে করা হয়।

**Aromatic Vegetable (সুগন্ধিযুক্ত পাতা)** : মাছ-মাংস জাতীয় খাবারের উগ্র গন্ধ দূর করার জন্য রান্নার সময় ব্যবহার করা হয়।

**ARR (Average Room Rate) হোটেলের শয়ন কক্ষে রাতযাপনের গড় মূল্যহার)**:  এআরআর (গড় কক্ষের হার) বা এডিআর (গড় দৈনিক হার) বিক্রয়কৃত কক্ষগুলির জন্য প্রদত্ত গড় হারের একটি পরিমাপ, বিক্রয়কৃত কক্ষগুলির দ্বারা মোট কক্ষগুলির আয়কে ভাগ করে গণনা করা হয়।

**Asparagus Holder (এসপারাগাস আধার)** : এসপারাগাস পরিবেশনে ব্যবহৃত হয়।

**Aspic (এক ধরনের বিশেষ জেলি)** : খাবারের গঠন ও উজ্জ্বলতা ধরে রাখার জন্য ব্যবহার করা হয়।

**Attitude (আচরণ)** : অতিথি ও কর্মচারীর মধ্যে পারস্পারিক ভালো আচরণ করা।

**Attraction (আকর্ষণ)** :  প্রাকৃতিক সৌন্দর্য, যাদুঘর, ঐতিহাসিক স্থান, থিম পার্ক এবং বিনোদন কেন্দ্রের মতো প্রাকৃতিক বা মনুষ্য নির্মিত স্থাপনা বা অবস্থান যা দর্শনার্থীদের ভ্রমণের সময় আনন্দ এবং আগ্রহ সৃষ্টি করে থাকে।

**Attributes (গুণাবলি)** : সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সমূহের ব্যক্তিবর্গের বিশেষ গুণাবলি।

**Au gratin (আও গ্রাতি) (খাবারের উপরিভাগ রঙ করা)** : দৃষ্টি আকর্ষণের জন্য খাবারের উপরিভাগে চিজ ছড়িয়ে ওভেন/সালামান্ডার এ বাদামি রঙ করা।

**Aubergine (বেগুন)** : এক ধরনের সবজি।

**AV (Audio Visual) (অডিও ভিজ্যুয়াল)** : হোটেলগুলি অতিথির জন্য আধুনিকতম প্রযুক্তির ব্যবহারের অংশ হিসাবে

অডিও ভিজ্যুয়াল সরঞ্জাম, যেমন : ভিডিও ওয়াল, ওয়্যারলেস যোগাযোগ, লবি এবং অন্যান্য পাবলিক স্পেসগুলিতে হোটেল সম্পর্কিত তথ্য রিলে করার জন্য বৃহত্তর স্ক্রিন।

# B

**B & B Plate (ব্রেড এ্যান্ড বাটার প্লেট)** : যে পাত্র ব্রেড এ্যান্ড বাটার পরিবেশনে ব্যবহৃত হয়।

**Babysitter (বেবি-সিটার)**: সাময়িক সময়ের জন্যে বাচ্চা সামলানোর দায়িত্ব প্রাপ্ত কর্মী।

**Back of the house (হোটেলের অভ্যন্তরীণ অংশ)** : হোটেলের যে সমস্ত জায়গাতে সাধারণত অতিথিদের বিচরণ থাকে না।

**Back office (পিছনের অফিস)** : অতিথিদের সেবা নিশ্চিত করার জন্য পিছনের অফিস থেকে সার্বক্ষণিক সহযোগিতা করা হয়ে থাকে।

**Back to back (পরপর) :** একটি গ্রুপ অবস্থান করে চলে যাবে এবং অন্য গ্রুপ অবস্থানের জন্য আসবে।

**Bain-marie (বেইন মেরি) (তাপমাত্রা ধরে রাখার যন্ত্র)** : গরম খাবারকে গরম ও ঠাণ্ডা খাবারকে ঠাণ্ডা রাখার এক ধরনের যন্ত্র।

**Banquet Hall (সাল দে বঙ্কে) (বৃহৎ আকৃতির ভোজ হল বিশেষ)** : এটি হোটেলের অভ্যন্তরে একটি বিশালাকার কক্ষ যেখানে বিভিন্ন সভা-সেমিনার, বিবাহ ও অন্যান্য উৎসবসমূহ অনুষ্ঠিত হয় এবং যেখানে ভোজের আয়োজনও করা হয়।

**Banquet/meeting room (ব্যাংকুয়েট/সভাকক্ষ)**: হোটেলের অভ্যন্তরে একটি বড় কক্ষ যা বিভিন্ন সামাজিক অনুষ্ঠান, কর্পোরেট ট্রেনিং, কনফারেন্স বা বিবাহের মতো বড় বড় ইভেন্টগুলির জন্য ব্যবহৃত হয়।

**BAR (Best Available Rate)** (**সর্বোত্তম ভাড়ার হার**): BAR দ্বারা হোটেলগুলির বর্তমান বাজারের পরিস্থিতি বিশ্লেষণ করা, যেমন : নিদিষ্ট এলাকার চাহিদা এবং থাকার সময় অনুযায়ীও কখনও কখনও হোটেল কক্ষের দাম নির্ধারণ করা হয়। যেহেতু এই মূল্যের কৌশলটি সবর্দা পরিবর্তনশীল, সেহেতু কক্ষের দাম দিন জুড়ে ওঠানামা করতে পারে।

**Bar(বার)** : আতিথেয়তা শিল্পে, এটি এমন কাউন্টার যেখানে খাবার এবং/অথবা পানীয় বিক্রি এবং সরবরাহ করা হয়। সুতারাং, এখানে খাবারের পাশাপাশি পানীয় বার রয়েছে।

**Bargain breaks (বারগেইন ব্রেকস)** : সপ্তাহের ছুটির দিন অথবা low season-এ যখন বিক্রি কম থাকে তখন খাবার বা অন্যান্য ছাড় দিয়ে ভাড়া নির্ধারণ করা।

**Barmuda plan (বারমুডা প্ল্যান)** : হেটেলে আবাসনের একটি ব্যবস্থা যেখানে রুম ভাড়ার সাথে সকালের নাস্তা অন্তর্ভুক্ত থাকে।

**Bathrobes (বাথরোবস)**: স্নান করার পরে পরিধানযোগ্য ঢিলা গাউন বিশেষ।

**Barmuda plan (একটি খাবারের প্ল্যান)**: এটি খাবারের মূল্য তালিকার একটি প্ল্যান, রুমের ভাড়া ও আমেরিকান নাস্তার দাম অন্তর্ভুক্ত থাকে।

**BC (Banquet Check) (ব্যাংকুয়েট চেক)** : অনুষ্ঠানের সমাপ্তিতে একটি সভা পরিকল্পনাকারীর কাছে হোটেলের পক্ষ থেকে উপস্থাপন করা একটি চেক। এতে ইভেন্ট সম্পর্কিত সমস্ত চার্জ অন্তর্ভূক্ত থাকে।

**Beat (ফেটানো)** : হুইস্ক অথবা মিক্সিং মেশিনের সাহায্যে দ্রুত কয়েকটি উপকরণসমূহকে একত্রিত করে মেশানো।

**Béchamel (ব্যাসামেল) (সাদা সস)** : মাখন, ময়দা ও দুধের তৈরি সাদা সস যা খাবারের সাথে পরিবেশন করা হয় বা কখনও কখনও কোন রেসিপি রান্নাতেও এই সস ব্যবহার করা হয়।

**Bed & Breakfast (কক্ষ এবং সকালের নাস্তা)** : কক্ষের ভাড়ার সাথে সকালের নাস্তা অন্তর্ভুক্ত।

**Bed Base (বিছানার পাটাতন)** : বিছানার মূল পাটাতন, যার উপর ম্যাট্রেস থাকে।

**Bed board (বিছানায় বিছানোর শক্ত বোর্ড)**: যে সমস্ত অতিথির মেরুদণ্ডে সমস্যা আছে, তাদের চাহিদা অনুযায়ী একটি শক্ত বোর্ড বিছানার ম্যাট্রেসের নিচে স্থাপন করা হয়।

**Bed Stand (বিছানার মাথার অংশ)** : বিছানার মাথার কাছের উঁচু ডেকোরেশন করা অংশ।

**Beef a la Stroganoff (এক ধরনের সস)** : এক ধরনের বিশেষ সস যা সাওয়ার ক্রিম সসে গরুর মাংস রান্না করা হয়।

**Bell captain (বেল কেপটেন)**: যিনি বেল ডেস্কের প্রধান হিসেবে কাজ করেন।

**Bell cart (মালামাল বহনের চাকাযুক্ত বাহন)** : অতিথির মালামাল বহনের জন্য ব্যবহৃত হয়।

**Bellman( বেলম্যান)** : যারা অতিথিদের মালপত্র হোটেলের কক্ষে নিয়ে যেতে সহায়তা করে।

**BEO (Banquet Event Order)(ব্যাংকুয়েট ইভেন্ট অর্ডার)**: ব্যাংকুয়েট ইভেন্ট মেন্যু, অডিও ভিজ্যুয়াল সরাঞ্জাম, কক্ষ সেটআপ, সময়, ব্যাংকুয়েট হল ইত্যাদি সম্পর্কিত অর্ডার।

**Bercy (একটি বিশেষ সাদা সস)** : সাদা ওয়াইন, শ্যালট (ছোট পেঁয়াজ), ফিশ স্টক ও লেবুর রস মিশ্রিত সাদা সস যা সাধারণত মাছের সাথে পরিবেশন করা হয়।

**Bin card (স্টোরে ব্যবহৃত কার্ড)** : এটি মালামাল মজুদের কাজ ব্যবহৃত হয়।

**BKG (Booking) (বুকিং)**: হোটেলে থাকার ব্যবস্থা, ভ্রমণ ইত্যাদি সংরক্ষণের ব্যবস্থা বা অগ্রিম টিকিট কিনে নেওয়া।

**Black listed guest (কালো তালিকাভুক্ত অতিথি)**: যে সকল অতিথি অবস্থানকালীন সময় বিশৃঙ্খলা বা বিল নিয়ে ঝামেলা করেন বা হোটেলের আইন অমান্য করেন।

**Blade (ধারালো অংশ)** : ছুরির/চাকুর যে ধারালো অংশ দিয়ে কোন কিছু কাটা হয় সে অংশকে ব্লেড বলে।

**Blanching (ফুটন্ত গরম পানির ভিতর কয়েক সেকেন্ডের জন্য সবজি ডুবিয়ে রেখে আবার তুলে ফেলা)** : পরবর্তী সময়ে কোন খাবার রান্না করার জন্য এইভাবে সবজি কিছুটা সিদ্ধ করা হয়।

**Blend (মিশ্রণ/একত্রিত করা)**: কোন যন্ত্রের সাহায্যে দু'টি অথবা আরো কয়েকটি উপকরণকে একত্রিত করার যে প্রক্রিয়া।

**BOH (Back of House) (হোটেলের পেছনের অংশ)**: কোনও হোটেলের যে অংশগুলিতে সরাসরি বা অতিথিদের সরাসরি যোগাযোগ নাই, যেমন : কিচেন, ইঞ্জিনিয়ারিং বা প্রকৌশল ও রক্ষণাবেক্ষণ, ফিন্যান্স, মানবসম্পদ বিভাগ ইত্যাদি।

**Boning Knife(এক ধরনের ছুরি)**: হাঁড় ও মাংস আলাদা করার কাজে ব্যবহার করা হয়।

**Booster seats(সহায়ক আসন)**: উচ্চ আসনের উপরে স্থাপন করা এমন অংশ বিশেষ, যাতে ছোট বাচ্চারা উপরে উঠে বসতে পারে এবং তাদের প্লেটে খাবার সহজেই পৌঁছতে পারে।

**Bouquet garni (বুকে গার্নি) (আঁটি বাধা সুগন্ধি পাতা ও মসলা)**: খাবারের সুগন্ধি বৃদ্ধির জন্য কিছু সুগন্ধি পাতা ও মসলা আঁটি বেধে খাবারের ভিতর ডুবিয়ে রাখা হয় এবং পরে তুলে ফেলা হয়।

**Bowl (বাটি)**: খাদ্য পরিবেশনের বিভিন্ন প্রকার গর্ত আকৃতি পাত্র বিশেষ।

**Bread Knife (রুটি কাটার ছুরি)**: এই ছুরি দিয়ে মসৃণ করে রুটি কাটা হয়।

**Bread Slicer (রুটি কাটার যন্ত্র বিশেষ)**: বেকারীতে প্রস্তুতকৃত রুটি স্বয়ংক্রীয় ভাবে সমান মাপে কাটার যন্ত্র ।

**Breakfast buffet (ব্রেকফাস্ট ব্যুফে)**: হোটেলের রেস্তোরাঁাতে সকালের নাস্তা বা প্রাত:রাশের জন্যে অনেক প্রকারের ও স্বাদের খাবারের সমাহার থাকে যা অতিথিদের পরিবেশন করা হয়।

**Breakfast menu (মেন্যু) (সকালের নাস্তার তালিকা)**:অতিথি সকালে নাস্তা অর্ডার করার খাদ্য তালিকা।

**Brioche (এক প্রকার রুটি)** : ঈস্ট, ডিম, ময়দা, দুধ ও মাখনের সমন্বয়ে প্রস্তুতকৃত বিশেষ ধরনের রুটি।

**Brochure (ক্ষুদ্র পুস্তিকা)**: একটি ছোট বই বা লিফলেট বিশেষ যেখানে হোটেলের বিভিন্ন সেবা ও পরিষেবা সম্পর্কিত ছবি এবং তথ্য রয়েছে।

**Brochures (ছাপানো মুদ্রণ)**: যে মুদ্রণ এ হোটেলের সুবিধা ও সেবার তালিকা দিয়ে তৈরি।

**Broil (ব্রোইল) (গ্রিলার)**: সরাসরি আগুনের তাপে রান্নার গ্রিল।

**Broth (এক ধরনের স্যুপ)**: মাংসের হাঁড়, পানি ও সুগন্ধিযুক্ত পাতা একসাথে জ্বাল দিয়ে প্রাপ্ত পুষ্টিসমৃদ্ধ পানীয়।

**Brownee (কেক)**: চকলেট এবং বাদামের সমন্বয়ে প্রস্তুতকৃত কেক।

**Brunoise (ব্রুনাইজ) (কিউব কাট)**: ছোট ছোট কিউব ঘন আকৃতিতে কাটা সবজি, যা সাধারণত স্যুপ, ফ্রাইড রাইস ইত্যাদিতে ব্যবহার করা হয়।

**Buffet (বুফ্যে/ফ্রাপেখ/লুতেখ) (খাবার ও আনুষাঙ্গিক তৈজসপত্র সজ্জিত টেবিল)** : নির্দিষ্ট টেবিলে একই সাথে খাদ্য, কাটলারিজ, প্লেট, ন্যাপকিন ইত্যাদিসহ পরিবেশন করা থাকে, সেখান থেকে অতিথির নিজের পছন্দ অনুযায়ী খাবার সংগ্রহ ও খাদ্য গ্রহণের পদ্ধতি।

**Bus Person (বাসপার্সন)**: রেস্টুরেন্টে খাবার ও অন্যান্য সেবা প্রদানকারী ব্যক্তি।

**Business center (বিজনেস সেন্টার)**: হোটেলের অভ্যন্তরে এমন একটি জায়গা যেখানে অতিথিরা নিদির্ষ্ট পরিমাণ অর্থের মাধ্যমে কম্পিউটার ব্যবহার, টেলিফোন কল, ফ্যাক্স প্রেরণ ও ফটোকপি তৈরি করতে পারে।

**Business Tourism (ব্যবসায়িক পর্যটন)** : নিজ আবাসস্থল বা কর্মক্ষেত্র থেকে দূরে কোনও গন্তব্যে ভ্রমণ করাকে বুঝায়। এটি ব্যক্তিগত না হয়ে পেশাগত উদ্দেশ্যে এক ধরনের নিজ আবাস্থল বা কর্মক্ষেত্র থেকে দূরে কোনও গন্তব্যে ভ্রমণ করাকে বুঝায়। এটি ব্যক্তিগত না হয়ে পেশাগত উদ্দেশ্যে এক ধরণের ভ্রমণ। কিছু ধরণের ব্যবসায়িক পর্যটন হলো উৎসাহমূলক ভ্রমণ, প্রদর্শনী ও বানিজ্য মেলা, সম্মেলন ও সভা এবং কর্পোরেট ইভেন্ট ইত্যাদি।

**Business Tourist (ব্যবসায়ীক পর্যটক)**- পর্যটক যখন দেশে অথবা বিদেশে তার ব্যবসায়ীকে কাজে যান এবং বিভিন্ন পর্যটন কর্মকান্ডে অংশগ্রহণ করে থাকেন।

**Business Travel :** ব্যবসার উদ্দেশ্যে যে ভ্রমণ করা হয়।

**Business visitor (ব্যবসায়িক দর্শনার্থী) :** যার পর্যটন বা ভ্রমণের মূল উদ্দেশ্যটি ব্যবসায় এবং পেশাদার কাজের উদ্দেশ্যে।

**Butcher Knife (মাংস কাটার ছুরি):** বিফ, মাটন, পর্ক ইত্যাদি কাটার জন্য কিচেনের বুচারি শাখায় ব্যবহার করা হয়।

**Buttercream (মাখন এবং চিনির একত্রিত মিশ্রণ):** এক ধরনের আইসিং যার সাহায্যে কেক/পেস্ট্রির ফিলিং ও ডেকোরেশন করা হয়।

# C

**C.I.P. (Commercially Important Person) (বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তি):** সরকার কর্তৃক স্বীকৃত বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ দেশের বড় ব্যবসায়ী।

**C/N (Check In Room) (কক্ষ প্রবেশ):** অতিথি যে মুহুর্তে তাঁর কক্ষে প্রবেশ করেন।

**C/O (Check Out Room) (কক্ষ ত্যাগ) :** অতিথি এইমাত্র কক্ষ ত্যাগ করেছেন।

**Cabana (কাবানা) (সুইমিং পুলের পাশের কক্ষ):** কক্ষটি সাধারণত সুইমিং পুলের পাশে থাকে। অতিথি সাঁতার কেটে ক্লান্ত হলে এখানে বিল পরিশোধ সাপেক্ষে বিশ্রাম গ্রহণ এবং পোষাক পরিবর্তন করেন।

**Caddy (বাক্স বিশেষ):** কাজের জন্য ছোট/অল্প পরিমাণ ক্লিনিং সামগ্রী একত্রিত করে যে বাক্সে নেওয়া হয়।

**Canapé (কানাপে) (এক ধরনের স্যান্ডউইচ):** দৃষ্টিনন্দন ও মুখরোচক এক ধরনের স্যান্ডউইচ যা মেন্যুর শুরুতে ক্ষুধা বর্ধক হিসেবে পরিবেশন করা হয়।

**Cancellation (বাতিলকরণ):** যখন কোন বুকিং বাতিল করা হয়।

**Caper (এক ধরনের সুগন্ধি উদ্ভিদ):** পিকেল করা বিশেষ ধরনের ফুলের কলি যা গার্নিস হিসাবে ব্যবহার করা হয়।

**Caramel (চিনি হতে প্রস্তুতকৃত আঁঠালো মিঠাই):** চিনিকে তাপে গলিয়ে বাদামী রং করে কেরামেল তৈরী করা হয়। পরবর্তীতে কেরামেল কেক, পুডিংসহ বিবিধ কাজে ব্যবহৃত হয়।

**Casino hotel (জুয়া খেলার হোটেল):** যে হোটেলে জুয়া খেলার সব সুবিধা থাকে।

**Casserole (ক্যাসেরোল) (বিশেষ মাটির পাত্র):** পোড়ামাটির ঢাকনাওয়ালা বাসন যা রান্না ও পরিবেশনের কাজে ব্যবহার করা হয়।

**Catering Service (ক্যাটারিং সেবা):** হোটেলের পেশাদার খাবার পরিবেশনা সেবা হিসাবে কোনও সামাজিক অনুষ্ঠান বা অন্য যে কোনো অনুষ্ঠানে খাবার এবং পানীয় সরবরাহের ব্যবস্থা।

**Caution signage (সতর্ককরণ সংকেত):** বিপদ হতে পারে এমন বিষয়ে লিখিত আকারে সতর্ককরণ সংকেত।

**Caviar (মাছের ডিম):** এক ধরনের সামুদ্রিক মাছের ডিম যা এ্যাপিটাইজার হিসাবে পরিবেশন করা হয়।

**Chafing উরংয (শেফিং ডিশ):** ব্যুফে টেবিলে খাবার সাজানো ও খাবার গরম রাখার পাত্র। খাদ্য গরম রাখতে নীচে একটি স্পিরিট/ফুয়েল জেলির বাতি থাকে।

**Chamber maid (হাউজকিপিং কর্মচারী):** সাধারণত রুম পরিষ্কার ও বিছানা প্রস্তুতের কাজে নিয়োজিত থাকে।

**Champagne Saucer (শ্যাম্পেইন সসার):** শ্যাম্পেইন জাতীয় এ্যালকোহল পানের পাত্র।

**Champignon (মাশরুম)**: স্যুপ ও মেইন খাবার তৈরির কাজে ব্যবহার করা হয়।

**Change (পরিবর্তন)**: অতিথি এক কক্ষ থেকে অন্য কক্ষে গমন করা।

**Charlotte (চারলট) (ছাঁচ)**: বিশেষ ধরনের ছাঁচ যা হাতের আঙ্গুলের আকৃতির সাথে তুলনা করা যায়।

**Charter Group (চার্টার গ্রুপ)**: গ্রপ ভ্রমণ যেখানে পূর্বে সংগঠিত গ্রুপ সাধারণত ভ্রমণপথে একসাথে ভ্রমণ করে থাকে।

**Chateaubriand (শাটুব্রেইন) (আন্ডারকাটের মাথার অংশ)**: গরুর শিরদাঁড়ার ভিতরে বিশেষ মাংস যা আন্ডারকাট নামে পরিচিত, সেই অংশের মাথার ভাগের অংশকে শাটুব্রেইন যা রোস্ট তৈরির কাজে ব্যবহার করা হয়।

**Check cleaning (পরিচ্ছন্নতা তদারকী)**: দিনে অন্ততঃ ৩/৪ বার পরিষ্কার ও তদারকি করা।

**Check out time (প্রস্থান সময়)**: যে নির্ধারিত সময়ে অতিথিকে হোটেল কক্ষ পরিত্যাগ করতে হয়, অন্যথায় পুনরায় কক্ষের ভাড়া বাবদ পরবর্তী দিবসের বিল পরিশোধ করতে হয়। সাধারণত দুপুর ১২.০০টা প্রস্থান অন্যথায় পরবর্তী দিনের জন্য বিল ধার্য্য করা হয়।

**Check-In (চেকইন)**: হোটেলের কক্ষে প্রবেশের পূর্বে অভ্যর্থনাস্থানে ব্যক্তিগত বিষয়াদি প্রদান ও লিপিবদ্ধকরণ।

**Check-Out (চেক আউট)**: হোটেল হতে বিদায় নেয়া।

**Cheese Knife (চিজ নাইফ)**: পনির জাতীয় খাবার কাটার কাজে ব্যবহৃত ছুরি।

**Chef (শেফ) (প্রধান কুক)**: পার্টি সিস্টেমে যে কোন শাখা প্রধান (স্যুপ বা সস শাখা)।

**Chef Boucher (শেফ বুসে) (বুচার শেফ)**: বুচার শাখার প্রধান দায়িত্বশীল শেফ।

**Chef communard (শেফ কুমুনাখ্ড) (স্টাফ কুক)**: স্টাফদের খাবার তৈরির দায়িত্বশীল কুক।

**Chef de Cuisine (শেফ ডি কুইজিন) (প্রধান নির্বাহী শেফ)**: কিচেনের সকল শাখার বিশেষায়িত প্রধান নির্বাহী।

**Chef de Garde (শেফ দো ঘাখ্ড) (ডিউটি কুক)**: সকল কুকদের ডিউটি বন্টনকারী কুক।

**Chef de Nuit (শেফ দো নুঁই) (নাইট কুক)**: রাত্রিকালীন শাখার প্রধান দায়িত্বশীল কুক।

**Chef de Rang (শেফ দুখ্ হ) (শেফ দ্যা রাঙ)**: অভিজ্ঞতা সম্পন্ন সিনিয়র ওয়েটার।

**Chef de Trancheur/ Carvar (শেফ দ্যা থসাখ/ক্যাহবাখ)**: প্রধান স্লাইসার যে খাদ্যকে কেটে-ছেঁটে সৌন্দর্যবর্ধণ করে খাদ্যকে অলঙ্কৃত করে।

**Chef Entremener (শেফ আ্যান্ত্রেমেটিয়ে) (ভেজিটেবল শেফ)**: ভেজিটেবল শাখার প্রধান দায়িত্বশীল শেফ।

**Chef garde-manger (শেফ ঘান্ড মজে) (কোল্ড কিচেন শেফ)**: কোল্ড কিচেন শাখার প্রধান দায়িত্বশীল শেফ।

**Chef Grillardin (শেফ গ্রিলাখান) (গ্রিল শেফ)**: গ্রিল শাখার প্রধান দায়িত্বশীল শেফ।

**Chef Patissier (শেফ পাতিশিয়ে) (পেস্ট্রি শেফ)**: পেস্ট্রি শাখার প্রধান দায়িত্বশীল শেফ।

**Chef Poissonier (শেফ পোয়াছানিয়ে) (ফিস শেফ)**: ফিস শাখার প্রধান দায়িত্বশীল শেফ।

**Chef potager (শেফ পোতাজে) (সুপ শেফ)**: সুপ শাখার প্রধান দায়িত্বশীল শেফ।

**Chef Rotisseur (শেফ রটিশখ্) (রোস্ট শেফ)**: রোস্ট শাখার প্রধান দায়িত্বশীল শেফ।

**Chef saucier (শেফ সচিয়ে) (সস শেফ)**: সস শাখার প্রধান দায়িত্বশীল শেফ।

**Chef Tournant (শেফ তুখ্না) (রিলিফ শেফ)**: তিনি যে কোন দায়িত্ব পালনে সক্ষম (পরবর্তী স্যু শেফ)।

**Children tariffs (বাচ্চাদের ভাড়া রুম)**: ছয় বছরের শিশু অতিথির জন্য পিতা-মাতার সাথে শেয়ার করে থাকার ব্যবস্থা।

**Chinois (শিনোয়া) (ছাঁকনি)**: স্যুপ, স্টক, সস ইত্যাদি ছেঁকে তোলার কাজে ব্যবহার করা হয়।

**Chocolate Éclair (ডেজার্ট)**: ফরাসি মিষ্টান্ন আইটেম। চক (চক পেস্ট)-এর রোল তৈরি করে ভিতরে ক্রীম এবং উপরে চকলেটের প্রলেপ দেয়া হয়। সু-পেস্ট এবং ক্রিমের সমন্বয়ে প্রস্তুত করা হয়ে থাকে।

**Chocolate Melting Machine (চকলেট গলানোর যন্ত্র)**: এই মেশিনের মাধ্যমে নির্দিষ্ট তাপমাত্রায় সব ধরনের চকলেট গলানো হয়।

**Chocolate Mousse (ডেজার্ট/মিষ্টান্ন)**: চকলেট এবং ক্রিমের সমন্বয়ে প্রস্তুতকৃত ঠান্ডা মিষ্টান্ন।

**Chop** (মিহি করে কুচানো): মাছ, মাংস বা যে কোন খাদ্য বস্তু মিহি করে কুঁচি করে কাটা।

**Chopping block** (মাংস কাটার কাঠের গুড়ি): মাংস রেখে কাটার জন্য ব্যবহৃত কাঠের গুঁড়ি।

**CMP (Complete Meeting Package-সম্পূর্ণ মিটিং বা সভা প্যাকেজ)**: সম্পূর্ণ মিটিং বা সভা প্যাকেজ-প্রতি ব্যক্তি হিসেবে খরচ, অতিথি কক্ষের ভাড়া ও কক্ষ সংখ্যা, খাবার ও পানীয়সহ এবং অন্যান্য সমস্ত ইভেন্টের চার্জের আনুপাতিক শতাংশ।

**Coat (আচ্ছাদন/ লেপন)**: শুকনো অথবা তরল উপকরণের সাহায্যে কেক, পেস্ট্রি অথবা কুকিজ ইত্যাদি তৈরি করে সেটিকে আচ্ছাদনের প্রক্রিয়া।

**Cocktail (বিভিন্ন রকম পানীয়র একত্রিত মিশ্রণ)**: এ্যালকোহলের সাথে অন্য এ্যালকোহলিক বা নন-এ্যালকোহলিক পানীয় একত্রে মিশিয়ে প্রস্তুতকৃত পানীয়।

**Cocotte (ককত) (বাসন)**: পোড়ামাটির ঢাকনাছাড়া বাসন যা রান্নার কাজে ব্যবহার করা হয়।

**Colling Rack (ঠান্ডা করার জন্য ব্যবহৃত তাক)**: ওভেনে বেকিং এর পরে বেকারী প্রোডাক্টগুলো ঠান্ডা করার জন্য ব্যবহৃত তাক।

**Comforter (কমফোর্টার)**: হোটেল কক্ষের বিছানার উপরে রাখা আরামদায়ক পুরু কম্বল বিশেষ।

**Commercial hotels (বাণিজ্যিক হোটেল)**: ব্যবসায়ীদের জন্য বাণিজ্যিকভাবে ব্যবহৃত হোটেল। যা শহরের কেন্দ্রস্থলে অবস্থিত।

**Commercial rate (বাণিজ্যিক হারে ভাড়া)**: হোটেল কর্তৃক কোন কর্পোরেট সংস্থাকে দেওয়া ভাড়ার হার যারা নিয়মিত হোটেলে নানা ধরনের কার্যক্রম অনুষ্ঠানের মাধ্যমে হোটেলের ব্যবসায় গুরুত্বপূর্ণ অবদান রাখেন।

**Commis de cuisine (কমি দো কুঁজা) (সহকারী কুক)**: পার্টি শেফের সহকারী হিসাবে দায়িত্ব পালনকারী কুক।

**Commis De Rang/ Bus Boy (কমি দ্যা রাঙ)**: রেস্তোরাঁর সহযোগী কনিষ্ঠ কর্মচারী (সহযোগী)।

**Complementary (বিনা ভাড়া)**: ব্যবসায় সুনাম অর্জনের জন্য বিনা ভাড়ায় থাকার সুযোগ প্রদান।

**Concassee (কংকেসি) (টমেটো সস)**: টমেটো কুঁচি দিয়ে তৈরি টমেটো সস যাতে রসুন কুঁচি, পেয়াজ কুঁচি ব্যবহার করা হয়।

**Concierge (দার রক্ষী)**: একজন কর্মচারী অতিথির সাথে সম্পর্ক রেখে যে সেবা দান করে।

**Concierge** (কনশিয়ার্জ): হোটেলের অতিথিদের ভ্রমণ ব্যবস্থ করা, স্থানীয় ভ্রমণবুক করা, ট্যাক্সি ভাড়া করা ইত্যাদি বিভিন্ন সাহায্যের জন্য নিয়োজিত হোটেলের প্রবেশ মুখে একটি নির্ধারিত স্থান।

**Condiments (খাদ্যে স্বাদবর্ধক উপকরণ)**: খাদ্য গ্রহণের সময় অতিথিগণ ইচ্ছা অনুযায়ী খাদ্যসমূহকে অধিক মুখরোচক

করার জন্য যে স্বাদবর্ধক দ্রব্য সামগ্রী ব্যবহার করে তাকে Condiments বলে। যেমন:- লবন, গোল মরিচের গুড়া, ভিনেগার ইত্যাদি।

**Connecting room (সংযোগকারী কক্ষ):** সংযোগকারী দরজা বিশিষ্ট পাশাপাশি দুইটি অতিথি কক্ষ।

**Consommé (কনসোমে) (স্বচ্ছ স্যুপ):** অতি পুষ্টিকর স্বচ্ছ স্যুপ।

**Continental plan (কন্টিনেন্টাল প্লান):** কক্ষ এবং সকালের নাস্তা সহ যে ভাড়া দেয়া।

**Cooler Glass (কুলার গ্লাস):** স্বাগত পানীয়, এপিটাইজার ইত্যাদি পরিবেশনে যে ধরনের গ্লাস ব্যবহৃত হয়।

**Cordon (এক ধরনের সসের লেয়ার বা বেষ্টনী):** এসক্যালোপ বা পাতলা মাংসের স্লাইসের উপর সসের লেয়ার বা বেষ্টনী।

**Corporate customer (বিভিন্ন সংস্থার নির্দিষ্ট অতিথি):** বিভিন্ন সংস্থার মাধ্যমে যে বুকিং দেয়া হয়।

**Correcting (পরিমাণ):** বিভিন্ন উপকরণের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ।

**COS (Cost of Sale) (বিক্রয় ব্যয়):** বিক্রি হওয়া পণ্যের দাম (সিওএস) বলতে কোনও সংস্থা কর্তৃক বিক্রয়কৃত পণ্য উৎপাদনের প্রত্যক্ষ ব্যয় বোঝায়। এতে পরোক্ষ খরচ যেমন বিতরণ খরচ এবং বিক্রয় বিভাগের ব্যয় আন্তর্ভূক্ত হয় না।

**Cot (বাচ্চাদের বিছানা):** বাচ্চাদের বিছানা। অনেক সময় ভাজ করে রাখা বিছানা হিসেবে ব্যবহৃত হয় (৩৭ ইঞ্চি × ৭৫ ইঞ্চি)।

**COTB (Comparative on the Booking) (তুলনামূলক বুকিং হিসাব):** হোটেলের ক্ষেত্রে অভ্যন্তরীন তুলনামূলক বুকিং হিসাব।

**Course (খাবারের ক্রমধারা):** খাবার তালিকার যে পদগুলো ধারাবাহিকভাবে পরিবেশিত হয়। সেই ধারাবাহিক পদ্ধতিকে Course বলে।

**Cover (টেবিল সেট আপ):** মেন্যু ও অতিথির সংখ্যা অনুসারে প্রতিজন অতিথির জন্য যে প্লেট, কাটলারি, ক্রোকারি ইত্যাদি টেবিলে সাজানো হয় তাকে Cover বলে।

**Crecy (ক্রেসি) (গাজর):** পিওরি স্যুপ তৈরির জন্য ব্যবহৃত গাজরের পেস্ট।

**Credit card guaranteed (ক্রেডিট কার্ডের মাধ্যমে বুকিং নিশ্চিত করা):** ক্রেডিট কার্ড কোম্পানিগুলি রুম বুকিং-এর ক্ষেত্রে ক্রেডিট কার্ডের মাধ্যমে মূল্য পরিশোধ পূর্বক বুকিং নিশ্চিত করে।

**Crepes (ক্রেপস) (প্যান কেক):** ময়দা, ডিম, মসলা, তেল ও পানি মিশ্রণে এক ধরনের রুটি আকারে তৈরি করা কেক।

**CRM (Customer Relationship Management) (গ্রাহক সম্পর্ক ব্যবস্থপনা):** গ্রাহক সম্পর্ক ব্যবস্থাপনা (সিআরএম) হল একটি মূল্যবান কৌশল যা সবচেয়ে মূল্যবান গ্রাহক সম্পর্কে নির্বাচন করে এবং পরিচালনা করে। কার্যকর বিপণন, বিক্রয় এবং পরিষেবা প্রক্রিয়াগুলিকে সমর্থন করার জন্য সিআরএমের গ্রাহক কেন্দ্রিক ব্যবসায়িক দর্শন এবং সংস্কৃতি প্রয়োজন।

**Crockery (তৈজসপত্র):** চীনামাটির তৈরি বাসনপত্র তৈজসপত্র। যে সকল পাত্রে খাবার ও আনুষাঙ্গিক জিনিস পরিবেশন করা হয়।

**Croissant (ডেনিশ ডো দিয়ে প্রস্তুতকৃত রুটি):** অর্ধচন্দ্রাকৃতির রুটি বিশেষ।

**Croquettes (ক্রোকেটস) (সিলিন্ডর সেপ):** আলু, ডিমের কুসুম ও বাটার দিয়ে সিলিন্ডার আকৃতিতে তৈরি খাবার, যা ডিম, ময়দা ও বিস্কুটের গুঁড়ো দিয়ে ডুবো তেলে ভাজা হয়।

**Croutons (ক্রোতন) (ভাজা পাউরুটি):** কিউব করে কাটা পাউরুটি ডুবো তেলে ভেজে মচমচে করা হয় বিশেষ স্যুপের সাথে পরিবেশনের জন্য।

**CRS (Central Reservation System)(কেন্দ্রীয় সংরক্ষণ ব্যবস্থা)**: কেন্দ্রীয় সংরক্ষণ ব্যবস্থা হ'ল এক প্রকার রিজার্ভেশন সফটওয়্যার যা হোটেল সম্পর্কিত সকল তথ্য সংরক্ষণ এবং হালনাগাদ রাখতে ব্যবহৃত হয়।

**Cruet (বুর্খেয়েতে) (ক্রুয়েট, শিশি)**: শিশি বা ছোট আকারের পাত্র যাতে খাবার গ্রহণের সময় স্বাধবর্ধক জাতীয় দ্রব্য পরিবেশন করা হয়। এ সকল পাত্রের একত্রিত একটি সেটকে Cruet বলা হয় ।

**Cruise Tour (ক্রুজ ভ্রমণ)**: জাহাজ বা নৌকায় আনন্দ ভ্রমণ। নদী ভ্রমণ ও সমুদ্র ভ্রমণ এর উদাহরণ।

**Crumb (রুটি/কেকের ভিতরের নরম অংশ)**: পাউরুটি অথবা কেকের ভিতরের অপেক্ষোকৃত নরম অংশসমূহ।

**Crust (রুটি/কেকের বাইরের শক্ত অংশ)**: পাউরুটি অথবা কেকের বাইরের দিকের অপেক্ষোকৃত শক্ত আবরণ।

**CSM (Conference Service Manager or Convention Service Manager) সম্মেলন সেবা সম্পর্কিত ব্যবস্থাপক বা কনভেনশন সেবা সম্পর্কিত ব্যবস্থাপক)**: হোটেলের অভ্যন্তরে অনুষ্ঠিত বিভিন্ন সম্মেলন সেবা প্রদানকারী ব্যবস্থাপক।

**Cube (চারকোণা ঘনকার কাট)**: খাদ্য সামগ্রীকে চারকোণা ঘনকার আকারে কাটার কৌশল বিশেষ।

**Cuisine (কুইজিন) (রন্ধনশিল্প)**: বিভিন্ন দেশের রন্ধনশিল্প।

**Culinary Tourism (রন্ধনসম্পর্কীয় পর্যটন)**: রন্ধনসম্পর্কীয় পর্যটন হলো রন্ধনশিল্প বা খাদ্যকে কেন্দ্র করে যে ভ্রমণ। একে রান্নাঘর পর্যটন বা খাদ্য পর্যটন বা গ্যাস্ট্রনোমি পর্যটনও বলা হয়ে থাকে । একেরান্নাঘর পর্যটন বা খাদ্য পর্যটন বা গ্যাস্ট্রনোমি পর্যটনও বলা হয়ে থাকে।

**Cultural Heritage (সাংস্কৃতিক ঐতিহ্য)** : এটি একটি সম্প্রদায় দ্বারা বিকাশিত জীবনযাত্রার বহিঃপ্রকাশ যা এক প্রজন্ম থেকে পরবর্তী প্রজন্মে চলে গেছে। এতে রীতিনীতি, অনুশীলন, স্থান, বস্তু, শৈল্পিক প্রকাশ এবং মান রয়েছে।

**Cultural Tourism (সাংস্কৃতিক পর্যটন)** : সাংস্কৃতিক পর্যটন কোনও দেশ বা অঞ্চলের সংস্কৃতির, বিশেষত মানুষের জীবনযাত্রা, ইতিহাস, তাদের শিল্প, স্থাপত্য, ধর্ম এবং অন্যান্য উপাদানের সাথে সম্পর্কিত।

**Curdle (ছানা তৈরী করা)**: তরল দুধের মাঝে ভিনেগার অথবা লেবুর রস মিশিয়ে জ্বাল করার সময় দুধের তরল অংশ এবং সলিড অংশ পৃথক হয়ে ছানা প্রস্তুত হয়ে থাকে।

**Curry (এক ধরনের সস)**: দেশীয় মসলা দিয়ে তৈরি সস যা তরকারি রান্নাতে ব্যবহৃত হয়।

**Cutlery (যা দ্বারা কর্তন বা ব্যবচ্ছেদ করা যায়)**: ছুরি, কাঁটাচামচ, চামচ ইত্যাদি যা খাদ্য গ্রহণের সময় খাবারকে ছোট টুকরায় কাটার জন্য ব্যবহৃত হয়।

**Cutlet (এক ধরনের ঝাল জাতীয় ডুবো তেলে ভাজা স্ন্যাক্স)**: টোস্টের গুড়োঁ ও হাড়বিহীন কুঁচি করা মাংস দিয়ে তৈরি ডুবো তেলে ভাজা নাস্তা।

**CVB (Convention and Visitor's Bureau meetings and conventions)** (কনভেনশন এবং দর্শনার্থীর ব্যুরো সভা): হোটেলে অনুষ্ঠিত অতিথিদের বিভিন্ন কনভেনশন ও সভা।

## D

**Daily cleaning (প্রতিদিনের পরিষ্কার)**: প্রতিদিন পরিষ্কার করার রুটিন।

**Damage charge** (ক্ষতি বাবদ চার্জ): অতিথিরা হোটেল কক্ষের কোনও কিছু ভাঙ্গলে বা নষ্ট করলে, তবে তার ক্ষতির জন্য চার্জ দিতে হয়।

**Dame (ডারনি) (মাছের কাঁট)**: কাঁটাসহ মাছের ফালি।

**Dark Tourism (অন্ধকার পর্যটন)** : ঐতিহাসিকভাবে মৃত্যু এবং ট্র্যাজেডির সাথে সম্পর্কিত জায়গাগুলিতে ভ্রমণজনিত পর্যটন।

**Day rate (দিনের ভাড়া)**: একটি স্বতন্ত্র ভাড়া কম সময়ের জন্য।

**Day shift (সকালের সময়)**: হোটেলের শিফট সাধারণত সকাল ৭.০০টা থেকে দুপুর ৩.০০টা পর্যন্ত।

**Day use room (দিনের বেলায় ব্যবহৃত রুম)**: দিনের বেলায় ব্যবহৃত হয় সাধারণত কম সময়ে অতিথি থাকার জন্য।

**DDR (Delegate Day Package)** (দিনব্যাপী প্যাকেজ উপস্থাপন) হোটেলে কক্ষে অবস্থানের দিনব্যাপী প্যাকেজ উপস্থাপন করা।

**Debarrasseur (দিবাখাসওখ / দেবরাসেওখ)**: শিক্ষানবিশ ওয়েটার।

**Decanting (মদ ঢালা)**: এ্যালকোহলিক জাতীয় পানীয়কে এক পাত্র থেকে অন্য পাত্রে স্থানান্তর।

**Defrost (বরফ ছাড়ানো)**: নির্দিষ্ট তাপমাত্রায় কোন কিছুকে বরফমুক্ত করার যে প্রক্রিয়া।

**Demi Chef De Rang (ডেমি শেফ ডেখহ, এটি ফ্রেঞ্চ পরিভাষা)**: জুনিয়র ওয়েটার।

**Demi-glace (ব্রাউন সস)**: শোধন করা ব্রাউন সস।

**Denish Dough**(স্তর বিশিষ্ট ডো): মাখন এবং ময়দার খামিরের স্তরবিশিষ্ট ডো যা দিয়ে মিষ্টি এবং ঝাল জাতীয় খাবার প্রস্তুত করা হয়ে থাকে।

**Departure Room- (Guest has checked out)** (প্রস্থান): অতিথি এইমাত্র হোটেল ত্যাগ করেছেন।

**Deposits (জমা)**: বুকিং নিশ্চিত করার জন্য অফেরৎযোগ্য জমা।

**Dessert Fork (ডিজার্ট ফর্ক)**: মিস্টি জাতীয় খাবার খাওয়ার সময় ব্যবহৃত হয় এমন কাঁটাচামচ।

**Destination (গন্তব্য)** : ভ্রমনের মূল গন্তব্য যেমন- হোটেল, রিসোর্ট, আকর্ষণ, শহর, অঞ্চল বা দেশ।

**Deuxieme Maitre D'hotel (দুজিয়্যামে ম্যাখখে দা হোটেল)**: প্রধান পরিবেশক (হেড ওয়েটার)।

**Did not check out (প্রস্থান হয় নাই)**: ফ্রন্ট অফিসকে অবগত না করে অতিথি বিল পরিশোধ করে চলে গেছেন।

**Dinner buffet (ডিনার ব্যুফে)**: হোটেলের রেস্তোরাঁতে রাতের খাবারের আয়োজনে অনেক প্রকারের ও স্বাদের খাবারের সমাহার থাকে যা অতিথিদের পরিবেশন করা হয়।

**Dip (ডুবানো)**: কোন খাদ্যকে শুকনো অথবা তরল উপকরণের মাঝে ডুবিয়ে প্রলেপ দেয়ার প্রক্রিয়া।

**Diplomat Pudding (ডেজার্ট)**: দুধ, ডিম, চিনি, বিভিন্ন শুকনো ফল এবং কেকের সমন্বয়ে প্রস্তুততকৃত অত্যন্ত মুখরোচক দুগ্ধজাতীয় মিষ্টান্ন।

**Direct Sell Tour Operators** (সরাসরি বিক্রয় ট্যুর অপারেটর) : এই ট্যুর অপারেটররা তাদের গ্রাহকদের কাছে ট্র্যাভেল এজেন্টকে বাইপাস করে সরাসরি পর্যটন প্যাকেজগুলি বিক্রয় করে।তারা তাদের ট্র্যাভেল এজেন্টকে কমিশনের পরিমাণ প্রদান করে না, গ্রাহক কম দামে প্যাকেজের জন্য সুবিধা নিতে পারে।

**Discount rate (ছাড়কৃত মূল্যহার)**: অতিথির সম্মানে কক্ষের মূল ভাড়া থেকে ছাড় দিয়ে যে ভাড়া নির্ধারন করা হয়।

**Dish paper (ডেকোরেটেড পেপার)**: ডেকোরেটেড পেপার দিয়ে তৈরী প্লেট।

**Dish Washing (থালাবাসন ধোয়ার শাখা)**: বিভিন্ন তৈজসপত্র, থালাবাসন, কাটলারি, ক্রোকারি গ্লাস ইত্যাদি যেখানে ধৌত করা হয়।

**Dispense bar (মদের দোকান)**: যে বারে হোটেল কর্মচারী অতিথিকে মদ্যপানীয় সেবা দিয়ে থাকে।

**Dissolve (দ্রবীভূত করা)**: শক্ত, শুকনো উপকরণসমূহকে তরল কোন উপকরণের সাথে মিশিয়ে গলানো অথবা দ্রবীভূত করা।

**DMC (Destination Management Company) (গন্তব্য ব্যবস্থাপনা)**: হোটেলের অতিথিদের জন্যে বিভিন্ন গন্তব্যে ভ্রমণের জন্য ব্যবস্থাপনা সংস্থা।

**DMO (Destination Marketing Organization) :** একটি বিপণন সংস্থা যা নির্দিষ্ট কোন পর্যটন আকর্ষণীয় স্থানের প্রমোট করার কাজ করে থাকে। এ ধরণের সংস্থা মাইস ( MICE ) পর্যটনের সেবা দিয়ে থাকে।

**DND (Do not Disturb) (বিরক্ত করবেন না)**: "বিরক্ত করবেন না" এই চিহ্নটি হোটেলের অতিথি তাদের ঘরের বাইরে ঝুলিয়ে রাখেন যাতে অন্য লোকেরা দরজা কড়া না নাড়ে বা প্রবেশ করতে না পারে।

**Docent –** ট্যুর গাইড যিনি যাদুঘরে বিনা মূল্যে কাজ করেন।

**Dock Wheel** (ডো ছিদ্র করার কাটাযুক্ত যন্ত্র): খামির বেলুনি দিয়ে বেলার (বাতাস নিষ্কাশনের জন্য) পরে সমানভাবে ছিদ্র করার যন্ত্র।

**Domestic fare –**একটি দেশের মধ্যে ভ্রমণের জন্য যে ভাড়া নেওয়া হয়।

**Domestic tourism (ঘরোয়া পর্যটন):** একটি দেশের নাগরিকদের নিজ দেশের অভ্যন্তরে ভ্রমণ।

**Domestic tourism expenditure (দেশীয় পর্যটন ব্যয়) :** অভ্যন্তরীণ পর্যটন ব্যয় হল দেশের অভ্যন্তরে কোনও আবাসিক দর্শনার্থীর পর্যটন ব্যয়।

**Domestic tourism trip (অভ্যন্তরীণ পর্যটন ভ্রমণ) :** অভ্যন্তরীণ পর্যটন ব্যয় হল দেশের অভ্যন্তরে কোনও আবাসিক দর্শনার্থীর পর্যটন ব্যয় ।

**Door knob menu (অতিথির দরজায় ঝুলানোর খাদ্য তালিকা):** অতিথি রাতে ঘুমানোর আগে সকালে যে খাদ্য খাবেন তা যে খাদ্য তালিকায় চিহ্নিত করে দরজার বাইরের তালায় ঝুলিয়ে রাখেন।

**Doorman (ডোরম্যান):** হোটেলের প্রবেশ দ্বারা ডিউটি করা একজন হোটেল কর্মী।

**Doria (দরিয়া) (ফুলকপি):** ফুলকপি যা খাবারের গার্নিস হিসাবে ব্যবহার করা হয়।

**Double bed (চার জনের বিছানা):** দুই জনের বিছানা ৫৭ ইঞ্চি দ্ধ ৮১ ইঞ্চি।

**Double room (দ্বৈত বিছানার কক্ষ):** দ্বৈত (ডবল) একটি বিছানায় দুইজন থাকা যায় এইরকম একটি বিছানা সম্বলিত কক্ষ।

**Double-Double room (দ্বৈত দুইটি বিছানার কক্ষ):** দ্বৈত (ডবল) বিছানার দুইটি বিছানা সম্বলিত কক্ষ।

**Dough (ময়দার খামির):** এটি পাউরুটি, বিভিন্ন প্রকার বান, বিস্কিটসহ বিভিন্ন স্ন্যাক্স তৈরির কাজে ব্যবহৃত হয়।

**Dough sheeter (ডো রোল আউট করার যন্ত্র):** প্রয়োজনীয় পুরুত্ব অনুযায়ী বেকারীতে ব্যবহৃত খামির বেলে নেয়ার যন্ত্র।

**Dram Shop (মদ্য জাতীয় পানীয়-এর দোকান):** মদ বা অ্যালকোহল জাতীয় পানীয়-এর দোকান।

**Dry cleaning (ড্রাই ক্লিনিং):** হোটেলের অভ্যন্তরে লন্ড্রি স্থানে পানি ব্যবহার না করে একটি জৈবদ্রাবক দিয়ে একটি অতিথিদের পরিধেয় কাপড় পরিস্কার করার প্রক্রিয়া।

**Dry Ingredients (শুকনো উপরণসমূহ):** যে সকল উপকরণসমূহ শুকনো থাকে এবং যার মাঝে কোন পানি থাকেনা।

**Dubary (ডুবারি) (শশা):** শশা যা খাবারের গার্নিস হিসাবে ব্যবহার করা হয়।

**Due out (প্রস্থানের অপেক্ষায়):** কক্ষ খালি হওয়ার অপেক্ষায় বহির্গমন সময় পর্যন্ত।

**Duplex (দ্বিতল কক্ষ):** 'ডুপ্লেক্স' বলতে একই ছাদের নিচে দুই তলা বিশিষ্ট আবাসস্থানকে বোঝায়। উদাহরণস্বরুপ বসার কক্ষ ও রান্নাঘর নিচ তলায় রেখে সেখান থেকে কক্ষের ভেতরেই নির্মিত সিঁড়ি দিয়ে উপর তলায় শয়ন কক্ষে যাওয়া যায়।

**Duster (কাপড়ের টুকরা):** যে কাপড়টি দ্বারা আসবাবপত্রের ধূলা পরিষ্কার করা হয়।

**Duvet (দুবে):** কম্বলের বদলে ব্যবহৃত পালক দিয়ে তৈরি পুরু নরম লেপ।

# E

**E en person (এন পেনশন):** দীর্ঘ মেয়াদী থাকা খাওয়ার সহ ভাড়া।

**Early bird (রাতের নিরীক্ষকের কাজ):** রাতের নিরীক্ষক অটোমেটিক সিস্টেমে বিভিন্ন রিপোর্ট সৃষ্টি করে ডিপার্টমেন্টে বিতরণ করে থাকেন যা ফ্লাস নামে ব্যবহৃত হয়।

**Early depart (নির্ধারিত সময়ের পূর্বে আবাসিক রুম হতে প্রস্থান):** অতিথি বিশেষ প্রয়োজনে নির্ধারিত সময়ের আগে কক্ষ

ছেড়ে দেন।

**Ecotourism (ইকোট্যুরিজম)** : প্রাকৃতিক পরিবেশেকে ক্ষতিগ্রস্থ বা বিঘ্নিত না করে যে পর্যটন।

**ED (Expected Departure) (সম্ভাব্য প্রস্থান)**: অতিথির কক্ষ ছাড়ার সম্ভাব্য সময়।

**Egg Wash (ডিমের প্রলেপ)**: ফেটানো ডিমের সাথে পানি মিশিয়ে বান, কুকিজসহ বিভিন্ন খাবার তৈরির সময় খাদ্যের উপরিভাগে সোনালী রং সৃষ্টির জন্য উপরে ব্রাশ দিয়ে প্রলেপ দেয়া হয় ।

**Eggplants (বেগুন)**: এক ধরনের সবজী।

**Emergency exit (জরুরী বহির্গমন)**: আগুন লাগার ক্ষেত্রে বা অন্য কোনও জরুরী পরিস্থিতিতে হোটেল ভবনের কিছু দরজায় "জরুরী প্রস্থান" চিহ্নিত করা থাকে, যা আপনাকে দ্রুত হোটেল ছাড়তে বা প্রস্থান করতে সহায়তা করে।

**Emergency key (জরুরি চাবি)**: যে বিশিষ্ট চাবি দিয়ে সকল কক্ষের সিঙ্গেল ও ডাবল লকড্ দরজা খুলবে।

**Escalope (এসক্যালপ) (পাতলা স্লাইচ)**: গ্রিল বা ফ্রাই করার জন্য মাংসকে পিটিয়ে পাতলা করা।

**Espagnole (এসপানল) (ব্রাউন সস)**: খাবারের সাথে পরিবেশনের জন্য রু (ময়দা, মাখন) এবং স্টক দিয়ে তৈরি ব্রাউন সস।

**Essence (খাদ্য উপযোগী সুগন্ধি)**: প্রাকৃতিক ও কৃত্রিমভাবে প্রস্তুতকৃত সুগন্ধি যা ব্যবহারে খাবারে সুন্দর একটি গন্ধ আসে। যেমন- ভেনিলা, স্ট্রবেরি, চকলেট ইত্যাদি।

**Ethno-Tourism** : আদিবাসী জনগোষ্ঠী এবং তাদের স্ব-স্ব সংস্কৃতি ও ঐতিহ্য অনুসন্ধান সম্পর্কিত পর্যটন।

**European plan (ইউরোপিয়ান প্লান)**: শুধুমাত্র রুম-এর ভাড়া।

**Evening service (সান্ধ্যকালীন কক্ষ পরিচ্ছন্নতা)**: প্রতিদিন নিয়মিত কক্ষ পরিষ্কারের পর বিকাল ৩টা থেকে ৬টা পর্যন্ত সময়ের মধ্যে পুনরায় কক্ষ পরিষ্কার করা।

**Evening shift (সন্ধ্যাকালীন সময়)**: হোটেলের কর্মঘন্টা দুপুর ৩.০০ টা থেকে রাত ১১ টা পর্যন্ত।

**Executive floor (হোটেলের নিজস্ব তলা)**: হোটেলের নিজস্ব অবয়বে তৈরী স্থাপনা যা অতিথিকে বিশেষ আকর্ষণ দেয়া হয়।

**Expected departure (প্রত্যাশিত প্রস্থান)**: বহির্গমন তালিকায় আছে।

# F

**F&B Department (Food & Beverage Department-খাদ্য ও পানীয় বিভাগ)**: খাদ্য ও পানীয় বিভাগ আতিথেয়তা শিল্পের মুনাফার ক্ষেত্রে একটি দুর্দান্ত অবদান রাখে। ব্যবসায়ের বৈঠকের গুরুত্ব, বিভিনড়ব ব্যক্তিগত এবং সামাজিক ইভেন্টের বর্ধনের সাথে সাথে প্রচুর গ্রাহকরা প্রায়শই ক্যাটারিং প্রতিষ্ঠানে যান। খাদ্য ও পানীয় পেশাদাররা তাদের পরিষেবার মাধ্যমে গ্রাহকদের সন্তষ্টি অর্জনের জন্য অক্লান্ত পরিশ্রম করে।

**Face to face room (মুখোমুখি কক্ষ)**: দুইটি রুম মুখোমুখি অবস্থিত। কক্ষে প্রবেশের জন্য দুইটি আলাদা দরজা। একই করিডোরে বিপরীতমুখী অবস্থিত দুইটি কক্ষ।

**FAM Tour /Familiarization Tour (পরিচিতি ভ্রমণ)** ট্র্যাভেল এজেন্ট, ট্যুর অপারেটর, ভ্রমণ ব্যবসায়ী এবং ভ্রমণও পর্যটন গণমাধ্যম কর্মীদের বিভিন্ন পর্যটনপণ্য ও আকর্ষণীয় স্থানের সাথে পরিচিতকরণের উদ্দেশ্যে সংগঠিত ভ্রমণের ব্যবস্থা।

**Faucet (ফসেট):** হাত ধোয়ার কলের নল।

**Firm peaks (দৃঢ়ভাবে প্রস্তুতকৃত ফোম):** হুইপ ক্রিমকে বিটার মেশিন দিয়ে দৃঢ়ভাবে ফোম তৈরীর প্রক্রিয়া এটি। কেক/পেস্ট্রি ডেকোরেশন এর কাজে হুইপ ক্রিম ব্যবহৃত হয়ে থাকে। যা ডিমের সাদা অংশ হতে উৎপাদিত।

**Fish Fork (ফিশ ফর্ক):** মাছ খাওয়ার সময় ব্যবহৃত কাটা চামচ।

**Fish Knife (ফিশ নাইফ):** মাছ খাওয়ার সময় ব্যবহৃত ছুরি।

**Fish Meunière (ফিশ মুনিয়েখ্) (কাঁটা বিহীন মাছ দ্বারা তৈরি খাবার):** কাঁটা ও চামড়া বিহীন মাছ লেবু ও গোলমরিচ জাতীয় হালকা মসলা ও ঠান্ডা দুধের মধ্যে কিছুক্ষন ভিজিয়ে রেখে ময়দার মিশ্রন দিয়ে অল্প তেলে / মাখনে ভেজে লেবু দিয়ে অলংকৃত ফরাসি খাবার।

**FIT (Free and Independent Traveller) (স্বাধীন এবং স্বতন্ত্র ভ্রমণকারী):** স্বাধীন এবং স্বতন্ত্র ভ্রমণকারী অতিথি যিনি কোনও গ্রুপ বা প্যাকেজের অংশ নন।

**Fixed room rate (নির্দিষ্ট রুমের ধার্যকৃত ভাড়া):** একটি রুমের নির্দিষ্ট ভাড়া যা কখনো পরিবর্তন হয় না।

**Flat bed ironer (বড় ধরনের রোলার ইস্ত্রি):** এই বৈদ্যুতিক ইস্ত্রি দিয়ে বড় বড় বেড সিট, টেবিল ক্লথ একবারেই ইস্ত্রি করা যায়।

**Floor limit (কার্ডের খরচের পরিমাণ):** হোটেল কার্ডের মাধ্যমে একটি নির্দিষ্ট পরিমান টাকা পরিশোধের জন্য ধার্য্য করে।

**Floor porter (হাউজকিপিং কর্মচারী):** পুরুষ কর্মচারী যিনি হাউজকিপিং বিভাগে কর্মরত থেকে এক বিভাগ থেকে অন্য বিভাগ মালামাল আনা নেওয়ার, সরানোর কাজে নিয়োজিত থাকে।

**Florentine (ফ্লরেন্টাইন) (পালং শাক):** মাংসের কিমা ও পালং শাক একত্রে রান্না করা যা ফিলিং হিসাবে ব্যবহার করা হয়।

**Florist (ফুল সাজানোর ব্যক্তি):** যিনি হোটেলে ব্যবহৃত সমস্ত ফুলের কাজ করেন।

**Flute glass (ফ্লুট গ্লাস):** শ্যাম্পেইন পরিবেশনে ব্যবহৃত হয় এমন গ্লাস।

**FOH (Front of House) (বাড়ি বা কোনও স্থাপনার সম্মুখ ভাগ):** হোটেলের সম্মুখভাগের স্থান যেখানে অভ্যর্থকারী হোটেলকর্মী অতিথিদের সেবায় নিয়োজতি।

**Fold (ভাঁজ করা):** হুইস্ক অথবা স্প্যাচুলা (এক ধরনের চামচ) সাহায্যে শুকনো এবং তরল উপকরণসমূহকে নিয়ম অনুযায়ী হালকাভাবে ও হালকা হাতে মেশানোর প্রক্রিয়া।

**Folio (তালিকা):** অতিথির হিসাব তালিকা।

**Food & beverage department (খাদ্য ও পানীয় বিভাগ):** খাদ্য ও পানীয় বিভাগ যার অধীনে কিচেন ও রেঁস্তোরা থাকবে।

**Food & Beverage Service (খাদ্য ও পানীয় পরিবেশন):** খাদ্য ও পানীয় পরিবেশন।

**Forecast (আগমন পূর্বাভাস):** ভবিষ্যৎ ব্যবসার পূর্বাভাস নির্ণয় করা।

**Foreign Tourist (বিদেশী পর্যটক)** : কমপক্ষে ২৪ ঘন্টা সময়কালের জন্য বিদেশী কোন নাগরিক নিজ ব্যতীত ভিনড়বকোন দেশে সফর করাকে বুঝায়।

**Forms of tourism (পর্যটন ফর্ম)** : পর্যটনের তিনটি মূল ফর্ম যেমন-অভ্যন্তরীণ পর্যটন, ইন-বাউন্ড পর্যটন (বিদেশী পর্যটকদের কোন দেশে ভ্রমণ), আউট-বাউন্ড (নিজ দেশের পর্যটকদের ভিন্ন দেশে ভ্রমণ)

**FR (Function Room) (অনুষ্ঠান কক্ষ):** কোনও অনুষ্ঠানের জন্যে নির্ধারিত কক্ষ।

**Front Desk (সামনের টেবিল):** হোটেলের লবিতে অবস্থিত লম্বা আকৃতির যে টেবিলে আগত/প্রস্থানরত অতিথির তথ্যাদি প্রক্রিয়াকরণ হয়।

**Front of the house (সম্মুখ দিক):** হোটেলের যে সমস্ত জায়গাতে সাধারণত অতিথিদের বিচরণ থাকে।

**Front office (অতিথিদের অভ্যর্থনা প্রদান):** হেটেলের যে দপ্তরে অতিথির আগমন ও প্রস্থানের প্রক্রিয়া করে থাকে।

**Front office cashier (ফ্রন্ট অফিসের হিসাবরক্ষক):** যিনি ফ্রন্ট অফিসের সব ধরনের আর্থিক লেনদেনের হিসাব রাখেন।

**Fruit Tart (ডেজার্ট):** এই ডেজার্ট আইটেমটি সুইট ডো দিয়ে বিস্কুটের বাটি আকৃতির সেল তৈরি করে তার উপর বিভিন্ন ফলের ছোট ছোট টুকরো দিয়ে সজ্জিত করা হয়।

**FULL COMP (Fully Complimentary) (সম্পূর্ণ সৌজন্যমূলক):** সম্পূর্ণ বিনামূল্যে কক্ষে থাকা এবং খাওয়ার সুবিধাদি।

**Full house (অতিথি দিয়ে পূর্ণ) :** হোটেলের শতভাগ কক্ষে অতিথি অবস্থান।

**Fume (ধোঁয়া):** রান্নার সময় বিশেষ প্রক্রিয়ায় এক ধরনে ধোঁয়া সৃষ্টি করা।

# G

**Ganache (গানাস্):** এক প্রকার আইসিং; সাধারণত ক্রিম এবং চকলেট এর সাহায্যে গানাস প্রস্তুত করা হয়ে থাকে যা কেক ও বিভিন্ন প্রকার পেস্ট্রি জাতীয় খাবার ডেকোরেশন-এর ক্ষেত্রে ব্যবহৃত হয়।

**Garnish (খাদ্য অলংকরণ):** কোন খাদ্য বা পানীয়কে অলংকরণ করা বা সৌন্দর্য্য বর্ধন করা। গারনিশিং-এর মাধ্যমে একটি খাবার বা পানীয়কে সুন্দরভাবে সাজিয়ে অতিথির সামনে সুসজ্জিত করে পরিবেশন করা হয়।

**Gateau (গ্যাতো):** ফরাসি ভাষায় কেক-কে গ্যাতো বলা হয়।

**Gateway or Gateway City (গেটওয়ে বা গেটওয়ে শহর) :** কোন দেশের প্রধান বিমানবন্দর, সমুদ্রবন্দর, রেল বা বাস কেন্দ্র যার মাধ্যমে এই অঞ্চলের বাইরে থেকে পর্যটক এবং ভ্রমণকারীরা প্রবেশ করে।

**GBP (Group Booking Pace) (গ্রুপ সংরক্ষণ ক্রম):** হোটেলের দল বেঁধে আসা অতিথিদের বুকিং করার ক্রম বা গতি।

**GDS (Global Distribution System) (বিশ্বব্যাপী বিতরণ ব্যবস্থা):** বিশ্বব্যাপী বিতরণ ব্যবস্থা এমন একটি নেটওয়ার্ক যা ট্রাভেল এজেন্টদের তাদের হোটেলগুলির তালিকা অ্যাক্সেস করতে এবং তাদের ক্লায়েন্টদের কাছে কক্ষ বিক্রি করতে দেয়। হোটেল শিল্পে তাদের জন্য, এটি বিতরণের একটি গুরুত্বপূর্ণ পদ্ধতি হিসাবে কাজ করে।

**General cashier (সাধারণ হিসাবরক্ষণ কর্মকর্তা):** যিনি হোটেলের সমস্ত জমা, ভাসমান মানি নিয়ন্ত্রিত করে।

**General cleaning (বড় ধরনের পরিচ্ছন্নতা):** ০৬ মাস বা বছরে একবার বিশেষ বড় পরিচ্ছন্নতার কাজ।

**General manager (মহাব্যবস্থাপক):** হোটেল প্রদান কর্মকর্তা।

**Gesture (দৈহিক ভাষা):** যে মার্জিত ও সেবা পরায়ন দৈহিক ভাষার প্রকাশের মাধ্যমে অতিথির সন্তুষ্টি অর্জন করা হয়।

**Glace (ঘণীভূত স্টক):** খাবারকে চকচকে করার জন্য ঘণীভূত স্টক ব্যবহার করা হয়।

**Glaze (চকচকে করা):** কোন খাবারের উপরিভাগ চকচকে দেখানোর জন্য চিনির সিরাপ, মাখন, তেল বা অন্য তরল দিয়ে খাবারের উপরের অংশে প্রলেপ দেয়া হয়ে থাকে। যাতে করে খাদ্যের বহিরাবরণ চকচকে দেখায়।

**GM (Gross Margin-মোট প্রান্তিক হিসাব)**: এই অনুপাত দিয়ে হোটেলের মোট মুনাফা ও মোট বিক্রয়ের সম্পর্ক দেখানো হয় অর্থাৎ হোটেলের সার্বিক উপার্জন ক্ষমতা পরিমাপ করা হয়ে থাকে।

**GOP (Gross Operating Profit) (মোট পরিচালনা বাবদ মুনাফা)**: মোট পরিচালনা বাবদ মুনাফা হচ্ছে সমস্ত পরিচালন ব্যয় বিয়োগের পরে হোটেলগুলির লাভকে বোঝায়। এটি হোটেলের পরিচালন লাভের স্তরটি চিত্রিত করে।

**GOPPAR (Gross Operating Profit per Available Room)** (প্রতি কক্ষ হিসেবে মোট পরিচালনা বাবদ মুনাফা): প্রতি কক্ষ হিসেবে মোট পরিচালনা বাবদ মুনাফা যা হোটেলের উপার্জন খাতসমূহের সক্ষমতা নিরূপন করে।

**GOR (Gross Operating Revenue-মোট পরিচালনা লব্ধ রাজস্ব)**: হোটেলের মোট পরিচালনা লব্ধ রাজস্ব বা বিক্রয়।

**Grain (খাদ্য শস্য)**: ঘাস জাতীয় উদ্ভিদ হতে **Drcboe** খাবার উপযোগী শস্যদানা।

**Gratiner (গ্রাতিনিয়ে) (পনির দিয়ে তৈরি খাবার)**: খাবারের উপরিভাগে পনির ছড়িয়ে দিয়ে স্যালামান্ডারে বেক করা।

**Grave yard shift (মধ্যরাত্রের কর্মঘন্টা)**: যে কর্মঘন্টা মধ্যরাত থেকে শুরু হয়।

**GRC (Group Rooms Control Log)** (গ্রুপ বা দলীয় ভাবে নেয়া কক্ষগুলির নিয়ন্ত্রণ লগ): হোটেলের সম্মুখ বিভাগ বা ফ্রন্ট অফিসে রাখা গ্রুপ বা দলীয়ভাবে নেয়া কক্ষগুলির নিয়ন্ত্রণ লগ।

**Group plan rate (একদল অতিথির মূল্য ছাড়)**: এটি আকর্ষণীয় বিশেষ ছাড় কোন দলের বেশী সংখ্যার প্রার্থী জন্য।

**GSM (Guest Services Manager):** অতিথির সর্বাত্মক সেবায় নিয়োজিত ব্যবস্থাপক।

**GSO (Global Sales Office) (বিশ্বব্যাপী বিক্রয় কার্যালয়)**: হোটেলের বিক্রয় ও বিপণন বিভাগের বিশ্বব্যাপী বিক্রয় কার্যালয়।

**GTD (Guaranteed) (গ্যারান্টিযুক্ত বা প্রতিশ্রুত)**: অনুষ্ঠান শুরুর পূর্বে, পরিকল্পনাকারী অতিথির পক্ষ থেকে কতজন ব্যক্তিকে খাদ্য ও পানীয় পরিবেশন করাহবে, তার প্রতিশ্রুত মোট সংখ্যা।

**Guaranteed arrival (আগমন নিশ্চিত)**: যে সমস্ত ট্রাভেল এজেন্সি / কোম্পানি কক্ষের ভাড়া দিয়ে অগ্রিম বুকিং দেয়।

**Gueridon Trolley (গেরিডন ট্রলি)**: যে ট্রলিতে খাদ্য ও পানীয় সাজিয়ে পরিবেশনের জন্য অতিথির সামনে নিয়ে যাওয়া হয় এবং ট্রলি থেকেই খাদ্য প্লেটে সাজিয়ে অতিথির সামনে পরিবেশন করা হয়।

**Guest (অতিথি)**: একজন আলাদা প্রার্থী যে হোটেলে নিবন্ধিত হয়ে থাকে।

**Guest account (অতিথির হিসাব)**: অতিথির হিসাব যেখানে সংরক্ষিত থাকে।

**Guest folio (অতিথির তালিকা)**: অতিথির তালিকা যেখানে সংরক্ষিত থাকে।

**Guest history card (অতিথির সব কিছু সংরক্ষণ রাখা)**: এ কার্ড এ নিয়মিত এবং ভি আই পি অতিথির রিজার্ভেশন সংক্রান্ত ব্যক্তিগত সকল তথ্য সংরক্ষণ রাখা হয়।

**Guest history file (অতিথির তথ্য সংরক্ষণ নথি)**: প্রস্থানকৃত অতিথির তথ্য যে নথিতে সংরক্ষিত থাকে

**Guest profile (অতিথির বৃত্তান্ত)**: অতিথির অভ্যাস, পছন্দ-অপছন্দ ও প্রয়োজনীয় তথ্যাদি রাখা।

**Guest Provisions (অতিথিদের চাহিদার সামগ্রী)**: কক্ষের অতিথিদের ব্যবহারের জন্য চাহিদা মোতাবেক যে সমস্ত ফেরতযোগ্য সামগ্রী প্রদান করা হয়।

**Guest Supplies (অতিথিদের প্রসাধন ও স্টেশনারী)**: অতিথিদের প্রতিদিনের ব্যবহারের জন্য ছোটখাট যে সমস্ত প্রসাধন ও স্টেশনারী সরবরাহ করা হয়।

**Guided tour (গাইডেড ট্যুর)**: গাইডের দ্বারা পরিচালিত একটি স্থানীয় দর্শনীয় ভ্রমণ।

## H

**Half board (হাফ বোর্ড)**: হোটেলে থাকা, সকালের নাস্তা সহ, একটা সম্পূর্ণ খাবার।

**Handicap room (প্রতিবন্ধীদের রুম)**: যে রুম বিশেষ ভাবে প্রতিবন্ধীদের জন্য তৈরী হয়।

**Heritage centre (ঐতিহ্য কেন্দ্র)**: ঐতিহ্য কেন্দ্র যেমন, যাদুঘর, স্মৃতিস্তম্ভ, দর্শনার্থী কেন্দ্র, পার্ক ইত্যাদি জনসাধারণের ভ্রমণ ও প্রমোদের একটি সুবিধা যা মূলত কোনও জায়গা এবং লোকদের সম্পর্কে ঐতিহাসিক এবং সাংস্কৃতিক তথ্য ও স্মৃতি উপস্থাপন করে থাকে।

**High Ball Glass (হাই বল গ্লাস)**: এই গ্লাসের উচ্চতা সাধারণ গ্লাসের চেয়ে কিছুটা বেশী হয়। সাধারণত লং ড্রিংক পানে এটি ব্যবহৃত হয়।

**High duster (লম্বা হাতল ঝাড়ু)**: কক্ষের ছাদের ময়লা পরিষ্কার করার জন্য লম্বা হাতল ঝাড়ু।

**Hiking (হাইকিং)**: ট্রেইলে দীর্ঘ এবং জোরদার হাঁটাচলা।

**Hollywood twin (হলিউড টুইন)**: যখন দুটো জমজ বিছানা একটি হেড বোর্ডের সাথে সংযোগ থাকে।

**Honeymoon Travel-(হানিমুন ভ্রমণ)**: সদ্য বিবাহিত দম্পতি বিবাহ পরবর্তী সময় উপভোগের জন্য যে ভ্রমণ করেন।

**Hook (স্টিলের বাঁকানো যন্ত্র)**: এই যন্ত্র দিয়ে মিক্সিং বোলের মাঝে শক্ত ডো তৈরি করার কাজে মেশিনে ব্যবহৃত হয়।

**Hors d'oeuvre (ওয়দোভ) (অল্প পরিমাণ ক্ষুধা বর্ধককারী খাবার)**: অল্প পরিমাণ খাবার যা খাবারের শুরুতে ক্ষুধা বর্ধক হিসেবে পরিবেশন করা হয়।

**Hotel discount card (হোটেল কর্তৃপক্ষ কর্তৃক ছাড়কৃত ভাড়া কার্ড)**: নিয়মিত অতিথিদের নির্ধারিত পরিমাণে নির্দিষ্ট সময়ের জন্য বিশেষ ছাড় দিয়ে কার্ড প্রদান করা হয়।

**House Guest (Employee staying free in hotel) (নিজস্ব কর্মকর্তা/কর্মচারী)**: হোটেলে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বিনা ভাড়ায় হোটেলে অবস্থান।

**Housekeeping department (হাউজ কিপিং বিভাগ)**: হোটেলের ভিতর ও বাহির সব পরিস্কার পরিচ্ছন্ন করার দায়িত্বে থাকে।

**Housekeeping/housekeeper (হাউজ কিপিং বিভাগ)**: যারা হোটেল পরিস্কার-পরিছন্ন রাখে ও অতিথিদের বিভিন্ন প্রয়োজন মেটাতে সবর্দা নিয়োজিত থাকে।

**Hydro extractor (পানি নিংড়ানোর বৈদ্যুতিক যন্ত্র)**: যে বৈদ্যুতিক যন্ত্রের সাহায্যে কাপড়ের পানি নিংড়ানো হয়।

**Hygiene (পরিষ্কার পরিচ্ছন্নতা)**: স্বাস্থ্যসম্মত পরিচ্ছন্নতা।

## I

**Ice cream spoon (আইস ক্রিম চামচ)**: বোল অথবা গ্লাসে পরিবেশিত আইস ক্রিম খেতে ব্যবহৃত হয়। এই চামচের বিশেষত্ব হলো, এর মাথার অংশ সোজা থাকে।

**Icing/Frosting (মিনা/ডিজাইন করা):** এটি মিষ্টি জাতীয় খাবার যেমনঃ কেক, পেস্ট্রি ইত্যাদির উপরিভাগের সৌন্দর্য বৃদ্ধির জন্য চকলেট বা ক্রীমের আবরণ দেয়া হয়।

**Identification number (পরিচিতি নম্বর):** হোটেল স্টাফদের জন্য পরিচিতি নম্বর যেটা দিয়ে তার পরিচয় ও বেতন ভাতাদি সংরক্ষিত থাকে।

**In house voucher (ইন হাউস ভাউচার):** বিক্রয় বৃদ্ধির জন্য হোটেল তার নিজস্ব ভাউচার যখন এক ব্যবসা প্রতিষ্ঠান অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠানকে দিয়ে থাকে।

**Inbound tourism (অভ্যন্তরীণ পর্যটন) :** বিদেশ থেকে আগত দর্শনার্থীদের নিয়ে পর্যটন।

**Inbound tourism consumption (অভ্যন্তরীণ পর্যটন খরচ):**অভ্যন্তরীণ পর্যটন খরচ হ'ল দেশের অর্থনীতির মধ্যে অনাবাসী দর্শনার্থীর পর্যটন খরচ।

**Incentive Travel (উদ্দীপনা ভ্রমণ):**শীর্ষস্থানীয় পারফরম্যান্স এর জন্য পুরস্কার হিসাবে অফার দেওয়া ভ্রমণ ।

**Inclusive terms (বিলের অন্তর্ভুক্ত আইটেম):** হোটেলে থাকা সকালের নাস্তা, দুপুরের খাবার, সান্ধকালীন নাস্তা, রাতের খাবার সহ ভাড়া।

**Inclusive Tour (ইনক্লুসিভ ভ্রমণ) :**একটি ট্যুর প্রোগ্রাম যাতে একক হারের জন্য বিভিন্ন বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত থাকে (বিমান ভাড়া, থাকার ব্যবস্থা, দর্শনীয় স্থান, পারফরম্যান্স ইত্যাদি।

**Independent tour (ইন্ডিপেন্ডেন্ট ট্যুর):** স্বাধীন ভ্রমণকারীদের জন্য ডিজাইন করা একটি ভ্রমণ, যেখানে কোন গাইড বা হোস্ট বা প্রতিদিনের কার্যক্রম ভ্রমণ সুচিতে অন্তর্ভূক্ত থাকে না।

**Intermediaries (মধ্যস্থতাকারী) :** পর্যটকদের চাহিদা অনুযায়ী পণ্য এবং সেবা সরবরাহ কাজে নিয়োজিত মধ্যস্থতাকারী

**Intermodal tour (ইন্টারমডাল ভ্রমণ):** বিমান, মোটরকোচ, ক্রুজ শিপ এবং ট্রেনের মতো বিভিন্ন ধরণের পরিবহণ ব্যবহার করা হয় যে ভ্রমণে।

**Internal tourism consumption (অভ্যন্তরীণ পর্যটন খরচ) :** একটি দেশে একটি নির্দিষ্ট সময়ে ইন-বাউন্ড এবং অভ্যন্তরীণ পর্যটকদের পর্যটন বাবদ খরচের মোট মূল্যকে বুঝায়।

**International Marketing (আন্তর্জাতিক বিপণন):** আন্তর্জাতিক বাজারে কোন দেশের পর্যটন পণ্যও সেবার বিপণনকে বুঝায়।

**International tourism (আন্তর্জাতিক পর্যটন):** আন্তর্জাতিক ভ্রমণে অভ্যন্তরীণ পর্যটন এবং বহির্মুখী পর্যটন অন্তর্ভুক্ত।

**Invoice (চালান পত্র):** হোটেলের বিল বাবদ সমুদয় অর্থ পরিশোধপূর্বক যে চালানপত্র দেয়া হয়।

**IPO (Individual Pays Own) (স্বতন্ত্র ব্যক্তির প্রদত্ত অর্থ):** হোটেলে বিল পরিশোধের ক্ষেত্রে স্বতন্ত্র ব্যক্তির প্রদত্ত অর্থ।

**Itinerary (ভ্রমণপথ):** ভ্রমণের জন্য পরিকল্পিত রুট।

## J

**Jacuzzi/whirlpool/hot tub (জ্যাকুজি/হোয়ার্লপুল/হটটাব):** হোটেলের অভ্যন্তরে একটি গরম বুদবুদ Drcboe পানির পুল বিশেষ যেখানে স্নান করার ব্যবস্থা রয়েছে।

**Julienne (জুলিয়ান):** চিকন লম্বা ঝুরি করে কাটা যা সাধারণত চাওমিন রন্ধনে ব্যবহার করা হয়।

**Jus-lie (জু-লাই)**: এক ধরনের ঘণ গ্রেভী যা রোস্ট এর সাথে সস হিসাবে সার্ভিস করা হয়।

## K

**K.O.T (Kitchen Order Ticket) (কে.ও.টি)**: এই টিকেট দিয়ে ওয়েটারকে কিচেন থেকে অতিথির অর্ডারকৃত খাবার আনতে হয় এবং বিল করতে হয়। কিচেন K.O.T-এর ক্রমধারা অনুসারে খাদ্য সরবরাহ করে।

**King bed (রাজকিয় বিছানা)**: যে বিছানা ৭৮ ইঞ্চি থেকে ৮০ ইঞ্চির মধ্যে থাকে।

**King-size bed (বড়বিছানা)**: হোটেল কক্ষের বড় বিছানা।

**Knead (পিষান)**: খামির তৈরির সময় তেল, পানি মিশ্রিত ময়দাকে টেনে টেনে দলিত-মথিত করার প্রক্রিয়া।

**KOT (Kitchen Order Token-কিচেন অর্ডার টোকেন)**: হোটেলের রেস্তোরাঁ হতে অতিথিদের জন্যে খাবার প্রস্তুতের জন্যে হোটেলের কিচেনে অনুরোধকৃত টোকেন বিশেষ।

## L

**L (Luggage - Bed unused) (অব্যবহৃত বিছানা)**: কক্ষে লাগেজ সংরক্ষিত কিন্তু বিছানা ব্যবহার হয়নি।

**Ladle (ডাব্বু চামচ)**: স্যুপ তোলার লম্বা হাতল যুক্ত গোল চামচ।

**Laminate (কোন কিছু দ্বারা আবৃত করা)**: ডেনিশ ডো এবং পাফ ডো তৈরির সময় খামির এবং মাখনের স্তর পৃথক করার যে প্রক্রিয়া।

**Lanai room (বেলকুনি সহ রুম)**: যে কক্ষ বেলকুনি থেকে পানির ঝর্ণা বা সমুদ্র দেখা যায়।

**Late arrival (দেরিতে আগমন)**: আগমনের সময়ের অতিথি যখন দেরিতে আগমন করে।

**Late charge (দেরী বাবদ চার্জ)**: অতিথিরা যদি হোটেল প্রদত্ত চেক-আউট সময়ের চেয়ে পরে হোটেল কক্ষ ছাড়েন তবে তাদের দেরিতে কক্ষ ত্যাগের চার্জ দিতে হতে পারে।

**Late Checkout (দেরিতে প্রস্থান)**: নির্ধারিত প্রস্থান সময়ের পরে পূর্ব অনুমোদনকৃত অবস্থান।

**Laundry (লন্ড্রি)**: নির্দিষ্ট পরিমান অর্থ পরিশোধের মাধ্যমে বা কখন ও কখনও বিনামূল্যে হোটেলে অবস্থানরত অতিথিদের পরিধেয় কাপড় পরিস্কার, কাপড় ইস্ত্রসহ আরও নানা সেবা লন্ড্রিমেশিন ব্যবহারের মাধ্যমে দিতে পারে।

**Lead time (অন্তবর্তী সময়)**: বুকিং তারিখ থেকে আগমনের তারিখ এর মধ্যবর্তী সময়।

**Leavening Agent (ডো/খামির ফুলানোর কাজে ব্যবহৃত উপাদান)**: লিভিনিং এজেন্ট দিয়ে বিভিন্ন ডো এবং কেকের বেটারকে ফুলানো হয়।

**Leisure Travel (অবসর ভ্রমণ)**: ছুটি বা অবকাশকালীন সময়ে পর্যটন আকর্ষণীয় স্থানে ভ্রমণ ও প্রমোদকে বোঝায়।

**Lemon Squeezer (লেবুর রস বের করার যন্ত্র)**: টুকরো করা লেবু হতে রস আহরণ করার ছোট তৈজসপত্র।

**Let room (ভাড়াকৃত কক্ষ)**: যে কক্ষ ইতোমধ্যে ভাড়া দেয়া হয়েছে।

**Liaison (লেইজন) (ঘনত্ব বাড়ানোর উপকরণ):** স্যুপ বা সস ঘণ করার কাজে ব্যবহার করা হয়।

**Light and Fluffy (হালকা):** সাধারণতঃ মাখন এবং চিনি দিয়ে বাটার ক্রিম তৈরি করার সময় ক্রমান্বয়ে এটি ফেটতে ফেটতে হালকা ফুলে উঠে।

**Light baggage (হালকা ব্যাগ):** অতিথি হালকা ব্যাগ নিয়ে আগমন করেছেন তার সকল জায়গায় সেবা নিতে অগ্রিম প্রদানের জন্য বলা থাকে।

**Lightening call (জরুরি টেলিফোন কল):** জরুরী ভাবে যে কল দেয়া হয়।

**Linen (কাপড় জাতীয়):** হোটেলে ব্যবহৃত অধিকাংশ কাপড় জাতীয় বস্তু।

**Linen** বিছানার চাদর, জানালার পর্দা, হোটেল কর্মীর পোশাক বা ইউনিফর্ম এবং হোটেলে ব্যবহৃত আরও অনেক ধরণের কাপড়।

**Linen chutes (লিনেন শূট):** যে সুড়ঙ্গ পথে রুম সার্ভিস থেকে হোটেলের ময়লা কাপড় নিচ তলায় অবস্থিত লন্ড্রিতে প্রেরণ করা হয়।

**Lobby** (হোটেলের অতিথিদের জন্যে সাধারণত হোটেলের নিচ তলায় অভ্যর্থনার স্থান বা রিসেপশন এরিয়ার কাছাকাছি একটি নির্দিষ্ট স্থান। এটি সাধারণত বহিরাগত অতিথিদের সাথে মিলিত হবার জায়গা।

**Lobster Pick (লবস্টার পিক):** চিংড়ি জাতীয় খাবার খাওয়ার সময় ব্যবহৃত হয় যে কাঠি।

**Lock out (কক্ষ বন্ধ করা):** কর্তৃপক্ষ থেকে কক্ষ বন্ধ করা হয়েছে, অতিথি সকল হিসাব সম্পন্ন করে পুনরায় কক্ষে প্রবেশ করবেন।

**Log book (একটা রেজিস্টার বই):** ঘটনা যেখানে সংরক্ষিত থাকে।

**Long staying (দীর্ঘদিন অবস্থানকারী):** দীর্ঘদিন যাবৎ যিনি হোটেলে অবস্থান করেন।

**Lost & found (হারানো দ্রব্যাদি):** যেখানে হারানো দ্রব্যাদি খুঁজে হাউজকিপিং এর লষ্ট এন্ড ফাউন্ড শাখায় সংরক্ষণ করা হয়।

**Low season (নিম্নমুখী মৌসুম):** যখন সব চাইতে কম দামে ভাড়া দেয়।

**Lukewarm (ঈষদুষ্ণ বা কুসুম কুসুম গরম):** হালকা গরম দুধ অথবা পানি দিয়ে সাধারণতঃ ঈস্ট মিশ্রিত খামির তৈরির সময় ঈস্টের কাজ ভালভাবে ফুলানো জন্য ঈষদুষ্ণ পরিবেশ তৈরি করা হয়।

# M

**M.I.P. (Most Important Person):** জরুরি গুরুত্বপূর্ণ ব্যক্তি।

**Macarons (এক প্রকার মিঠাই):** আইসিং সুগার, বাদামের গুঁড়ো এবং ডিমের সাদা অংশের সমন্বয়ে ম্যাকারণ প্রস্তুত করা হয়ে থাকে।

**Macèdoine (চারকোনা ঘণক্ষেত্র আকারের বড় টুকরা):** ফল বা সবজি ইত্যাদি রান্নার কাজে ব্যবহৃত কাট।

**Main entrance:** হোটেলে প্রবেশের মূল বা প্রধান দরজা।

**Maitre D'hotel (মেথখদুটেল/ফ্রেঞ্চ পরিভাষা):** রেস্তোরাঁ ব্যবস্থাপক।

**Making a reservation (রিজার্ভেশন করা)**: অতিথিরা যখন হোটেলে থাকতে চান তখন কোনও রিজার্ভেশন রুম বুক করতে অনুরোধ করা।

**Mallet (ছোট হাতুড়ি)**: মাংস চ্যাপটা করার জন্য ব্যবহৃত হাতুড়ি।

**Manager (ব্যবস্থাপক)**: হোটেলে কর্মরত অধীনস্ত অনেক কর্মীর দায়িত্বে থাকা ব্যক্তি। যারা অতিথিদের যে কোনো সমস্যা সমাধানে তৎপর থাকেন।

**MAP (Modified American Plan):** রুম ভাড়াসহ সকালের নাস্তা ও দুপুর অথবা রাতের খাবার।

**MAR (Minimum Acceptable Rate) (ন্যূনতম গ্রহণযোগ্য হার)**: হোটেলের পক্ষ থেকে অতিথিদের নিকট পেশকৃত হোটেল কক্ষের ন্যূনতম গ্রহণযোগ্য ভাড়ার হার।

**Margarita Glass (মার্গারিটা গ্লাস)**: ককটেল, মকটেল পরিবেশনে ব্যবহৃত হয় এমন গ্লাস।

**Marinade (বিভিন্ন মসলার মিশ্রণ)**: রান্নার আগে খাবার মজানোর জন্য বিভিন্ন মসলা মাখিয়ে রাখা।

**Market Volume (মার্কেট ভলিউম)**: একটি বাজার বিভাগের মধ্যে মোট ভ্রমণকারীদের সংখ্যা।

**Marking Section (চিহ্নিত করার স্থান)**: হোটেলের লন্ড্রিতে অতিথিদের কাপড়সমূহে আলাদা করে চিহ্নিত করার স্থান।

**Meal (খাবার)**: একের অধিক খাবারকে একত্রে Meal বলে।

**Meal Experience (খাবার অভিজ্ঞতা)**: কোন রেস্তোরাঁয় একজন অতিথির খাদ্য গ্রহণের সার্বিক অভিজ্ঞতা (খাদ্য পরিবেশন, পরিবেশ, আপ্যায়নের মান ইত্যাদি) হচ্ছে Meal Experience।

**Measuring Cup (মাপার জন্য ব্যবহৃত কাপ)**: বিভিন্ন পরিমাপে মাপার জন্য এই কাপ ব্যবহার করা হয়।

**Medeline Mould (মেডেলিন তৈরীর ছাঁচ)**: ঝিনুকের আকৃতি বিশেষ এক প্রকার ছাঁচ যার মাধ্যমে মেডেলিন কেক তৈরী করা হয়।

**Melt (গলানো)**: তাপ দিয়ে কোন কিছুকে তরলে রূপান্তরিত করা। যেমন- মাখন, চকলেট ইত্যাদি।

**Menu (খাবার তালিকা)**: মেন্যু একটি ফরাসি শব্দ। মূলত মেন্যু হচ্ছে কোন রেস্তোরাঁয় প্রাপ্য সকল খাদ্য দ্রব্য এবং পানীয়-এর মূল্যসহ পূর্ণাঙ্গ তালিকা।

**MICE (Meetings, Incentives, Conventions and Exhibitions) (সভা, সম্মেলন এবং প্রদর্শনী)**: হোটেলে অনুষ্ঠানযোগ্য সভা, সম্মেলন এবং প্রদর্শনী।

**Mince (কুচি কুচি করে কাটা)**: ছুরি বা ধারালো কোন কিছু দিয়ে কুচি কুচি করে কাটা।

**Mincing Knife (কিমা করার ছুরি)**: সবজি বা মাংস কিমা করার জন্য শক্ত হাতল ব্লেড বিশিষ্ট এক ধরনের ছুরি।

**Mini-fridge (মিনি ফ্রিজ)**: হোটেলের শয়নকক্ষে রক্ষিত ছোট হিমাগার যেখানে বিভিন্ন কোমল পানীয় ও স্ন্যাক্স রাখা থাকে।

**Mirepoix (মিখ্‌পোয়া) (অমসৃণ)**: বিভিন্ন ধরনের অমসৃন কাঁটা সবজি যা খাবারের ফ্লেবার বাড়াতে সাহায্য করে।

**Mise En Place (মিজ এন প্লাস / সার্বিক পূর্ব প্রস্তুতি)**: "মিজ এন প্লাস" হচ্ছে একটি ফরাসি পরিভাষা যার অর্থ হচ্ছে রেস্তোরাঁয় খাদ্য ও পানীয় পরিবেশন করার সার্বিক পূর্ব প্রস্তুতি।

**Mise en Plus ("everything in its place") (মিজা ন প্লাস)**: হোটেলের রেস্তোরাঁগুলিতে সব কিছু তার নিজ জায়গায় রাখা।

**Mixing Bowl (মিশ্রণের বোল)**: এই বোলের মাঝে বিভিন্ন উপাদান একত্রে মেশানো হয়।



**Mixing Machine (মিশ্রণ মেশিন)**: এই মেশিনের সাহায্যে বিভিন্ন উপাদান একত্রে মিশ্রিত করা হয়।

**MLOS (Minimum Length of Stay-ন্যূনতম থাকার ব্যাপ্তি):** হোটেলে অতিথিদের ন্যূনতম থাকার ব্যাপ্তি।

**Mocktail (মকটেল):** দুই বা ততোধিক এ্যালকোহল মুক্ত পানীয় মিশ্রিত করে যে পানযোগ্য পানীয় তৈরি করা হয় তাকে Mocktail বলে।

**MOD (Manager on Duty) (কর্তব্যরত ব্যবস্থাপক):** হোটেলের মহাব্যবস্থাপক বিশ্রামকালীন ও ছুটি থাকাকালীন তার দায়িত্ব ও কর্তব্যপালনকারী ব্যবস্থাপক।

**Moka cake (কফি কেক):** কফিযুক্ত ক্রিম দিয়ে তৈরি করা হয় যে ক্রিম কেক।

**MOM(Month on Month) (মাসিক):** হোটেলের মাসে মাসে যে হিসাব করা হয়।

**Mop (মপ্):** দন্ডের প্রান্তে সূতা বা ফাইবার সম্বলিত বস্তু যা দ্বারা মেঝে পরিষ্কার করা হয়।

**Mop wringer (মপ্ রিঙ্গার) (পানি নিংড়ানোর যন্ত্র):** সূতার তৈরি ভেজা মপ্ ব্রাশ হতে পানি নিংড়ানোর যন্ত্র।

**Mould (ছাঁচ):** কোন খাবারের নির্দিষ্ট আকার দেয়ার জন্য ব্যবহৃত ছাঁচ।

**MTD (Month to Date) (যে কোনো মাসের শুরুর তারিখ থেকে সর্বশেষ তারিখ):** হোটেলে যে কোনো মাসের শুরুর তারিখ থেকে সর্বশেষ তারিখ পর্যন্ত যে হিসাব করা হয়।

**Multi wheel cutter (সমানভাবে কাটার যন্ত্র):** যে কোন প্রকার খামির একসাথে অনেকগুলি সমান অংশে কাটার কাজে ব্যবহৃত হয়।

**MUR (Make Up Requested) (কক্ষ পরিপাটি ও পরিস্কার করার অনুরোধ):** অতিথি কর্তৃক হোটেলের কক্ষ পরিপাটি ও পরিস্কার করার অনুরোধ।

# N

**N (Occupied - No luggage) (লাগেজ নেই):** অতিথি কক্ষে অবস্থান করছেন কিন্তু লাগেজ নেই।

**National Tourism (জাতীয় পর্যটন):** জাতীয় পর্যটন অভ্যন্তরীণ পর্যটন এবং বহির্মূখী পর্যটন নিয়ে গঠিত।

**National Tourism Consumption (জাতীয় পর্যটন ব্যয়):** জাতীয় পর্যটন খরচ হলো দেশীয় পর্যটন খরচ এবং বহির্মুখী পর্যটন খরচ এর সমষ্টি।

**National Tourism Organization (NTO) (জাতীয় পর্যটন সংস্থা):** জাতীয় পর্যটন সংস্থা (এনটিও) হলো জাতীয় পর্যটন নীতি প্রণয়ন ও বাস্তবায়নসহ পর্যটনের প্রচার, প্রসার ও প্রমোটের মাধ্যমে পর্যটনের বিকাশ করে থাকে।

**Niche Tourism:** বিশেষ ধরণের পর্যটনকে বোঝায় যা বিশেষ শ্রেণীর পর্যটকদের আগ্রহ ও প্রয়োজনে একটি নির্দিষ্ট ধারণা বা বিষয়কে কেন্দ্র করে বিকশিত হয়। এটি খাদ্য, ক্রীড়া, লিঙ্গ, যুদ্ধ বা বন্যজীবন পর্যটন হতে পারে।

**Night Audio (রাতের নিরীক্ষা):** ফ্রন্ট অফিসের রাতের নিরীক্ষক যিনি সারাদিন এর যাবতীয় কার্যাক্রম মিলিয়ে দেখেন ঠিক আছে কিনা।

**No show (অতিথি কক্ষে দৃশ্যমান নয়):** বুকিং দেয়া অতিথি যখন না আসে এবং রুম বাতিলের জন্য প্রাতিষ্ঠানিক ভাবে কিছু না জানায়।

**Non-guaranteed reservation (অগ্রিম প্রদান না করে বুকিং):** অতিথির কাছ থেকে অগ্রিম না নিয়ে বুকিং দেয়া।

**Nonic Glass (ননিক গ্লাস):** বিয়ার পরিবেশনে ব্যবহৃত হয় এমন গ্লাস।

**Not covered (No room-attendant available to clean) (পরিচর্যাকারী সহজলভ্য নয়)**: পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য কোন পরিচর্যাকারী না থাকা।

**NRB (Negotiated Rate Business) (দুই পক্ষের মধ্যে মধ্যস্থতার মাধ্যমে ঠিক হওয়া ব্যবসার দর)**: হোটেল ও অতিথির মধ্যে মধ্যস্থতার মাধ্যমে ঠিক হওয়া ব্যবসার দর। কখনও কখনও এটি কর্পোরেট মধ্যস্থতার বা স্থানীয় নেগোশিয়েটেড রেট হিসাবে পরিচিত। এটি একটি হোটেল সংস্থা বা ব্র্যান্ডের একাধিক হোটেল জুড়ে নির্দিষ্ট হারের জন্য নির্দিষ্ট সময়ের জন্য মৌসুম বা বার্ষিক) চুক্তিযুক্ত ব্যবসা।

**NSO (National Sales Office) (জাতীয় বিক্রয় কার্যালয়)**: কোনও হোটেল ব্র্যান্ডের এক বা একাধিক জাতীয় বিক্রয়কার্যালয়।

**NT (Night):** রাত্রিকালীন সময় বুঝাতে ব্যবহৃত হয়।

# O

**O (Occupied Room) (সংরক্ষিত কক্ষ)**: কক্ষটিতে অতিথি অবস্থান করছেন।

**O P laundry (On premises laundry):** হোটেলের সীমানায় নিজস্ব কাপড় ধৌতকরণ ব্যবস্থা।

**O.K. (Ready Room) (প্রস্তুতকৃত কক্ষ)**: ব্যবহার উপযোগী হিসেবে প্রস্তুতকৃত কক্ষ।

**Occasional cleaning (আনুষ্ঠানিক পরিচ্ছন্নতা)**: কোন নির্ধারিত উৎসবের উদ্দেশ্যে পরিষ্কার-পরিচ্ছন্ন করা।

**Occupancy (আনুপাতিক গড়)**: অতিথির কক্ষ বিক্রির আনুপাতিক গড় হার।

**Occupancy rate (অতিথিদের অবস্থানের হার)**: হোটেলে অবস্থানরত অতিথিদের শতকরা হার।

**Occupied no luggage (বরাদ্দ কোন লাগেজ নেই)**: অতিথি রুমে আছে তাঁর কোন লাগেজ নাই।

**Off (বন্ধ রাখা)**: কিছু রুম বিক্রি বন্ধ রাখা হয়েছে।

**On The house (বিনা ভাড়ায়)**: কোন মূল্য পরিশোধ করতে হবে না।

**On-change (রুম পরিবর্তন)**: রুম নতুন ভাবে তৈরি হচ্ছে।

**OOO (Out of Order) (ঠিকমতো কাজ করছে না এমন অবস্থান)**: হোটেলের কোথাও কোনও কিছু ব্যবহারের অনুপযোগী হয়ে গেলে তার নির্দেশনামূলক বোর্ড।

**OOS (Out of Service)** –সেবাদানে অক্ষম।

**Open (খোলা)**: অতিথির বুকিং এর জন্য নির্ধারিত তারিখ পর্যন্ত খোলা আছে।

**Out of order (ভাড়ার অনুপযোগী)**: রুম কোন কারণে নষ্ট, ভাড়া জন্য প্রস্তুত না।

**Outbound tourism (আউট বাউন্ড ট্যুরিজম)**: কোন দেশের নাগরিকদের পর্যটনের উদ্দেশ্যে সেই দেশের বাইরে ভ্রমণ করাকে বুঝায়।

**Outbound tourism consumption (আউটবাউন্ড ট্যুরিজম খরচ)**: আউটবাউন্ড পর্যটন খরচ হ'ল একটি নির্দিষ্ট দেশের নাগরিকদের পর্যটনের উদ্দেশ্যে বিদেশে ভ্রমণ ও এ সংক্রান্ত যাবতীয় খরচ।

**Outbound Travel (আউটবাউন্ড ভ্রমণ)**: নিজ দেশ হতে অন্য দেশে ভ্রমণ।

**Over booking (প্রয়োজনের অতিরিক্ত বুকিং):** হোটেলে যতগুলো রুম আছে তার থেকে বেশি বিক্রি করা।

**Overstay (প্রস্থান সময়ের পরে অবস্থান) :** অতিথি প্রস্থান তালিকায় আছে কিন্তু হোটেলে অবস্থান করছে।

# P

**P.O. (Pin Out Room) (তালাবদ্ধ কক্ষ):** অতিথি নিজেই কক্ষটি ভেতর থেকে তালাবদ্ধ করেছেন।

**Package Tour (প্যাকেজ ভ্রমণ):** থাকা, খাওয়া ও পরিবহন নিয়ে যে ভ্রমন।

**Paddle (মিশ্রণের কাজে ব্যবহৃত হয়):** মধ্যম মানের নরম খামির যেমন প্লেন কেকের বেটার এবং ক্রিম তৈরির সময় এই পেডেল মেশিনে ব্যবহার করা হয়।

**Pallate Knife (স্টিলের তৈরি ধারহীন ছুরি):** কেক ডেকোরেশনের সময় ব্যবহৃত ও সহজে বাঁকানো যায় এমন ষ্টিলের তৈরি ছুরি।

**Parking (পার্কিং):** হোটেলের অতিথিরা বা তাদের গাড়িচালক যেখানে তাদের গাড়ি ও অন্যান্য যানবাহন সাময়িকভাবে পার্ক করতে পারেন।

**Parlour (বসার জায়গা):** যেখানে অতিথির বসার ব্যবস্থা থাকে।

**Pastry Slicer(পেস্ট্রি স্লাইসার):** কেক / পেস্ট্রি কাটা বা স্থানান্তরিত করার জন্য ব্যবহৃত হয় এমন ধার বিহীন ছুরি।

**Pax (কতজন/সংখ্যা):** হোটেলে কর্মী বা অতিথির সংখ্যা প্রকাশ করতে শব্দটি ব্যবহৃত হয়।

**Pay-per-view channels (পে-পার-ভিউ চ্যানেলস):** হোটেলের টেলিভিশন সেটে লোকাল/ফ্রি চ্যানেলের বাইরে যেসব চ্যানেল দেখতে হলে চার্জ প্রযোজ্য হবে।

**Paysanne(পাইজেন) (এক ধরনের সবজি কাট):** নির্দিষ্ট নকশা অনুযায়ী কাটা সবজি।

**Peak season(ভ্রমণ মৌসুম) :**কোন পর্যটন গন্তব্যে যখন ভ্রমনের উচ্চ মৌসুম থাকে।

**Peel (খোসা ছাড়ানো):** ফল বা সজ্জীর বাইরের খোসা ছাড়ানো।

**Peeling Knife (ছোট ছুরি):** সবজিরবা ফলের খোসা ছাড়ানোর কাজে ব্যবহার করা হয়।

**Penthouse (দামী কক্ষ):** বিলাসবহুল সুইট।

**Pets allowed/pet-friendly (পেটস অ্যালাউড/পেট ফ্রেন্ডলি):** হোটেলগুলিতে পোষা প্রাণী প্রবেশের ব্যাপারে সাধারণত বিধি-নিষেধ থাকে এবং হোটেল কর্তৃপক্ষের অনুমতির বিষয়টি থাকে।

**Pie (স্ন্যাক্স অথবা ডেজার্ট):** পাই এক প্রকার নাস্তা অথবা মিষ্টান্ন যার ভিতরে ঝাল এবং মিষ্টি জাতীয় বিভিন্ন পুর দেয়া থাকে।

**Pillowcase (বালিশেরওয়াড):** হোটেল কক্ষের বিছানার বালিশের ওয়াড়।

**Pilsner(পিলসনার):** কোল্ড কফি, জুস, বিয়ার পরিবেশনে ব্যবহৃত হয়।

**Pinch (চিমটি):** আঙ্গুলে চাপ দিয়ে কোন উপকরণ মাপা।

**Piping Bag (নল/চোঙা আকৃতির ব্যাগ):** তরল কোন মিশ্রণকে পাইপিং ব্যাগে ভরে ডেকোরেশন এর কাজ করা হয়।

**PMS (Property Management System) (প্রতিষ্ঠান পরিচালনা ব্যবস্থা):** সাধারণত কোনও হোটেল বা প্রতিষ্ঠান পরিচালনার জন্যে ব্যবহৃত সফটওয়্যার।

**POS (Point of Sale system)(নিদির্ষ্ট স্থানের বিক্রয় ব্যবস্থাপনা সিস্টেম)**: হোটেলের অভ্যন্তরে বিভিন্ন বিক্রয় স্থানের আধুনিক কম্পিউটার নিয়ন্ত্রিত স্বয়ংক্রিয় ব্যবস্থা।

**Posture (দেহভঙ্গি)**: একজন কর্মচারীর দাঁড়ানো, অনুভূতি, ব্যক্তিগত অবয়ব বুঝায়।

**Poultry shears (মাংস কাটার যন্ত্র)**: পাখি জাতীয় মাংস কাটার কাঁচি সদৃশ যন্ত্র।

**PPPN (Per Person, Per Night) (প্রতি স্বতন্ত্র ব্যক্তি হিসেবে প্রতি স্বতন্ত্র রাতের হিসাব)**: হোটেলে প্রতি স্বতন্ত্র ব্যক্তি হিসেবে প্রতি স্বতন্ত্র রাত্রি যাপনের হিসাব।

**Praline (কটকটি)**: বাদাম এবং গলানো চিনির সমন্বয়ে প্রস্তুতকৃত মচমচে খাবার।

**Preheat (আগে থেকেই ওভেন গরম রাখা)**: কোন প্রোডাক্ট বেক করার সময় যে নির্দিষ্ট তাপমাত্রার প্রয়োজন হয় সেই কাঙ্খিত তাপমাত্রাটি নিয়ে আসাই হচ্ছে ওভেন প্রিহিট করা।

**Pre-registration (আগে থেকে নথিভুক্ত)**: অতিথির সকল তথ্য আগে থেকে নথিভুক্ত হয়ে থাকে।

**Pressing Unit (প্রেসিং ইউনিট)**: হোটেলের অভ্যন্তরে লন্ড্রি সেকশনে ইস্ত্র করার ইউনিট/জায়গা বিশেষ।

**Priority (Room required quickly by reception) (অগ্রাধিকার ভিত্তিতে)**: অগ্রাধিকার ভিত্তিতে কক্ষদ্রুত পরিষ্কার করে অভ্যর্থনা শাখায় অবহিতকরণ।

**Private Dinning (ব্যক্তিগত ভোজন)**: আলাদা করে হোটেলের নিজ কক্ষে খাবার আয়োজন।

**Private jacuzzi (প্রাইভেট জ্যাকুজি)**: হোটেল কক্ষের সাজ ঘরের অভ্যন্তরে একটি গরম টাব বিশেষে স্নান করার ব্যবস্থা হলো জাকুজি।

**Prong (প্রং)**: একটি কাটা চামচে কাঁটার মতো যে অংশে খাবার তোলা/গাঁথা হয়, সে অংশকে ইংরেজীতে প্রং বলে।

**Provine Machine (ঈস্ট ডো প্রস্তুতে ব্যবহৃত কেবিনেট)**: ঈস্ট ডো দিয়ে প্রোডাক্ট তৈরীর সময় নির্দিষ্ট তাপমাত্রার প্রুভিং কেবিনেটে ডো ফুলানোর জন্য রাখা হয়।

**PRPN(Per Room, Per Night) (প্রতি স্বতন্ত্র শয়ন কক্ষের হিসেবে প্রতি স্বতন্ত্র রাতের হিসাব)**: হোটেলে প্রতি স্বতন্ত্র শয়ন কক্ষের হিসেবে প্রতি স্বতন্ত্র রাতের হিসাব।

**Puff Dough (স্তরবিশিষ্ট এক প্রকার ডো)**: মাখন এবং ময়দার খামিরের সমন্বয়ে বহু স্তরবিশিষ্ট ডো যা দিয়ে মিষ্টি এবং ঝাল জাতীয় মচমচে খাবার প্রস্তুত করা হয়ে থাকে।

**Pull-out sofa (পুল-আউট সোফা)**: একটি ছোট শয্যা বিশেষ যা টানলে সোফাতে রূপান্তরিত হয়।

# Q

**Quad room (কোয়াড) (চারটি বিছানা সম্বলিত কক্ষ)**: একজন থাকা যায় এমন চারটি বিছানা সম্বলিত কক্ষ।

**Queen bed (দুই জনের বিছানা)**: হেটেলে দুই জনে থাকার জন্য দ্বিতীয় বৃহত্তম বিছানা যে বিছানা ৬০ ইঞ্চি × ৮০ ইঞ্চি থাকে।

**Queen-size bed (কুইন সাইজ বেড)**: একটি পূর্ণ আকারের বিছানার চেয়ে বড় বিছানা।

# R

**Rack rate (মূল ভাড়া):** থাকার জন্য মূলভাড়া।

**Reception (রিসেপশন):** হোটেলের অভ্যন্তরে অতিথিদের অভ্যর্থনা স্থান। একে প্রায়শই সম্মুখ ডেস্কও বলা হয়।

**Red Wine Goblet (রেড ওয়াইন গবলেট):** রেড ওয়াইন পরিবেশনে ব্যবহৃত হয় এমন বিশেষায়িত গ্লাস।

**REF. (Refused) (পরিত্যাগ করা):** অতিথি কোন রকম সেবা চাইছেন না এই মর্মে নির্দেশিকা।

**Registration (নথিভুক্ত হওয়া):** কক্ষে অতিথির প্রবেশের জন্য নথিভুক্ত কার্ডে স্বাক্ষর এর প্রক্রিয়া।

**Religious Tourism (ধর্মীয় পর্যটন):** ধর্মীয় স্মৃতিবিজড়িত বা তাৎপর্যপূর্ণ স্থানে পরিচালিত পর্যটন সম্পৃক্ত কর্মকান্ড।

**Repair (মেরামত):** কক্ষটির সংস্কারের কাজ চলছে।

**Reservation (কক্ষে বুকিং হওয়া):** কক্ষ বুকিং এর জন্য অগ্রিম কার্যবলী যা অতিথি ও হোটেল একটা পারস্পারিক সম্মতির মাধ্যমে হয়ে থাকে।

**Reservation Form (বুকিং ফরম):** বুকিং-এর তথ্যাদি একটি সুনির্দিষ্ট ফরমে সংরক্ষিত থাকে।

**Reservation Rack (বুকিং এর জন্য যে তাক):** যেখানে অতিথি আগমনের বুকিং এর সকল তথ্য সংরক্ষিত থাকে।

**Resident manager (আবাসিক ব্যবস্থাপক):** সাধারণত ফ্রন্ট অফিসের তদারকি ও মহাব্যবস্থাপক এর অনুপস্থিতিতে দায়িত্বে পালনকারী নির্ধারিত কর্মকর্তা।

**Residential Hotel (আবাসিক হোটেল):** যে হোটেল দীর্ঘস্থায়ী অতিথির একটা বিশেষ নির্দেশনা মেনে থাকার ব্যবস্থা করা হয়।

**Resort Hotel (রিসোর্ট হোটেল):** যে হোটেল পাহাড় বা সমুদ্রের অবস্থিত।

**Responsible Tourism (দায়িত্বশীল পর্যটন):** দায়িত্বশীল পর্যটন হলো এক ধরণের পর্যটন যা সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত নেতিবাচক প্রভাব প্রশমিত করে স্থানীয় জনগণের আর্থিক উন্নয়নে সহায়তা করে।

**Restaurant (রেঁস্তোরা):** এটি হোটেলের অভ্যন্তরে নিজস্ব রেস্তোরাঁ, যেখানে অতিথিরা পূর্ণ খাবার ও পানীয় অর্ডার করতে পারেন।

**Restaurant Briefing (ফ্রেঞ্চ পরিভাষা) (রেস্টুরেন্ট ব্রিফিং):** রেস্তোরাঁর কার্যক্রম শুরু হবার আগে সকল পরিবেশনকারী সদস্যগণের উদ্দেশ্যে উর্ধ্বতন কর্মী দ্বারা সংক্ষিপ্ত পর্যালোচনা দিক নির্দেশনাই Restaurant Briefing|

**Retail Agent (খুচরা এজেন্ট)** : একজন ট্রাভেল এজেন্ট।

**Retailer (খুচরা বিক্রেতা):** ট্র্যাভেল এজেন্ট যারা সরাসরি ভোক্তাদের কাছে ভ্রমণ পণ্য বিক্রি করে।

**REV (Revenue)(রাজস্ব):** হোটেলের সেবার বিনিময় মূল্য হিসেবে অর্জিত অর্থ বা রাজস্ব।

**REVMAX(Revenue Maximum)**(সর্বোচ্চ রাজস্ব আয়): হোটেলের সেবার বিনিময়মূল্য হিসেবে অর্জিত সর্বোচ্চ অর্থ বা রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা।

**REVPAR (Revenue per Available Room)**(প্রতি প্রাপ্ত কক্ষের ভাড়া বাবদ অর্জিত রাজস্ব): হোটেলের প্রতি প্রাপ্ত কক্ষের ভাড়া বাবদ অর্জিত রাজস্ব। এটি সাধারণত প্রদত্ত অতিথিদের পরিশোধকৃত অবস্থানের শতাংশ এবং গড় দৈনিক কক্ষ ভাড়ার হারের সংমিশ্রণ।

**RFP (Request for Proposal)(প্রপোসাল বা প্রস্তাবের জন্য অনুরোধ):** হোটেলের কোনও ব্যবসায়িক লেনদেনের উদ্দেশ্যে প্রস্তাবের জন্য অনুরোধনামা।

**RMS (Revenue Management System) – রাজস্ব পরিচালনা ব্যবস্থা):** হোটেলের নিজস্ব কম্পিউটার নিয়ন্ত্রিত স্বয়ংক্রিয় রাজস্ব পরিচালনা ব্যবস্থা।

**RN (Room Night)(কক্ষে রাত্রিযাপন):** একটি হোটেলের ঘর এক রাতের জন্য দখল; পেশা একটি পরিসংখ্যান ইউনিট।

**ROH (Run of House):** আরওএইচ এর অর্থ হল অনুরোধ করা কক্ষটি বা আর্ও ভাল কোন কক্ষ পাওয়া। অর্থাৎ কোন বাড়তি ভাড়া না দিয়েও চাহিদার চেয়ে ভাল কক্ষ পাওয়াকে আরওএইচ বলে। ধরা যাক, একটি হোটেলে জুনিয়রস্যুট, স্ট্যান্ডর্ডস্যুট এবং মাসটারস্যুট রয়েছে এবং অতিথি একটি স্ট্যান্ডার্ডসুইট (মাঝের আকার) বুক করেছে। অতিথি একটি স্ট্যান্ডার্ডস্যুট পাবেন তবে তিনি কোনও অতিরিক্ত চার্জ ছাড়াই একটি মাস্টারস্যুটও পেতে পারেন। কিন্তু তিনি কখনই জুনিয়রস্যুটটি পাবেন না কারণ তিনি যা বুক করেছেন জুনিয়রস্যুটটি তার চেয়ে কম ভাড়ার, এই পদ্ধতিকেই আরওএইচ বলে।

**ROI (Return on Investment)(বিনিয়োগের পুনরাগমন):** আরওআই হ'ল বিভিন্ন ক্রিয়াকলাপের ফলে প্রাপ্ত অর্থনৈতিকমান। এই মান বিনিয়োগ থেকে প্রাপ্ত ফলন পরিমাপ করতে সক্ষম করে। প্রকৃতপক্ষে, কিছু নির্দিষ্ট ভেরিয়েবল হোটেল স্থাপনার মাধ্যমে রিটার্ন গণনা করতে সহায়তা করে এবং এই গণনার উপর ভিত্তি করে সিদ্ধান্ত নেয়া যায় কতটা বিনিয়োগ করতে হবে।

**Rolling pin (বেলনী):** আটা-ময়দা ডো বেলার জন্য ব্যবহৃত কাঠের তৈরি বেলনী।

**Room and breakfast (রুম এবং সকালের নাস্তা):** রুম এবং সকালের নাস্তাসহ যে ভাড়া।

**Room attendant (কক্ষ পরিচর্যাকারী):** কক্ষ পরিচর্যাকারী, যিনি পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ করেন।

**Room Attendant/Maid (রুম অ্যাটেন্ডেন্ট):** অতিথিদের জন্য একটি মনোরম এবং আরামদায়ক অভিজ্ঞতা প্রদানের জন্য রুম অ্যাটেন্ডেন্টস অতিথি কক্ষগুলি পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য দায়বদ্ধ। তারা নিশ্চিত করে যে সমস্ত পরিস্কার এবং বসবাস যোগ্য করছে। তারা অতিথি প্রশ্নের নম্রভাবে এবং বিনয়ের সাথে জবাব প্রদান করে থাকে।

**Room Make-up(রুমমেক-আপ):** অতিথি হোটেল কক্ষে অবস্থানের সময় ও তার চাহিদা মোতাবেক কক্ষগুলি পরিস্কার পরিচ্ছন্ন করে বসবাস যোগ্য করাকে রুমমেক-আপ বলা হয়।

**Room service (রুম সার্ভিস):** হোটেল কক্ষের মধ্যে খাবারদাবারসহ আরও বিভিন্ন সেবা।

**Room Service (রুম সার্ভিস):** হোটেলের আবাসিক কক্ষে খাদ্য ও পানীয় পরিবেশনের সেবা।

**Room service menu (কক্ষের খাদ্যের তালিকা):** অতিথিদের খাদ্য পরিবেশনের জন্য অতিথি কক্ষে রাখা খাদ্য তালিকা।

**Rooming list (রুমের তালিকা):** কোন এজেন্ট এর নামে অতিথির নাম পরিচয় সহ তালিকা ।

**Routine cleaning (নিয়মিত পরিচ্ছন্নতা):** ০৩ দিন থেকে ০৩ মাসের মধ্যে একবার পরিষ্কার করা।

**Roux (রু) (সমপরিমাণ ময়দা ও বাটারের মিশ্রণ):** স্যুপ ও সস ঘন করার কাজে ব্যবহার করা হয়।

# S

**S&C (Sales & Catering) (বিক্রয় ও ক্যাটারিং ব্যবস্থা):** হোটেলের পক্ষ হতে বিক্রয় ও খাদ্য-পানীয় ব্যবস্থাসহ একটি পুরো অনুষ্ঠান সুষ্ঠভাবে আয়োজনের ব্যবস্থা।

**S/O (Slept Out Room):** অতিথি কক্ষে রাত্রিযাপন করেননি।

**Sabayon (সাবায়ন) (ডিমের কুসুম ও ক্রিমের মিশ্রণ):** স্যুপ ও সস শক্তিশালী ও হালকা রং করার জন্য ব্যবহৃত মিশ্রণ।

